



বার্ষিক প্রতিবেদন

২০২৩-২০২৪



ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

প্রকাশকাল

১৫ অক্টোবর, ২০২৪

প্রকাশক

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

নির্দেশনায়

জনাব নীলিমা আখতার

নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

সম্পাদনা কমিটি

১. জনাব জীতেন্দ্র কুমার নাথ, আহবায়ক ও উপপরিচালক (প্রশাসন), ডিটিসিএ
২. জনাব আবু তালহা মোঃ সাফওয়ান, প্রোগ্রামার, ডিটিসিএ
৩. জনাব অপু দেবনাথ, সিনিয়র সহকারী হিসাব ও অর্থ কর্মকর্তা, ডিটিসিএ
৪. জনাব ইয়াদ রহমান নির্বাহী, সহকারী আর্কিটেক্ট, ডিটিসিএ
৫. জনাব মোঃ আসিফ আলী সিদ্দিকী, সহকারী জিআইএস এনালিস্ট, ডিটিসিএ

সার্বিক তত্ত্বাবধান

জনাব মোঃ নাজমুল হক

ট্রেনিং এ্যাডভাইজার (অতিরিক্ত দায়িত্ব), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

প্রচ্ছদ

জনাব ইয়াদ রহমান নির্বাহী, সহকারী আর্কিটেক্ট, ডিটিসিএ

স্বত্বঃ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

সূচীপত্র

উপক্রমণিকা	৪
ভিশন	৪
মিশন	৪
ডিটিসিএ'র কার্যাবলি	৪
পরিচালনা পরিষদ	৭
কোম্পানি গঠন	৯
সিটিজেন চার্টার	৯
অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (Grievance Redress System)	১০
জনবল	১১
ডিটিসিএ ভবন	২২
প্রশিক্ষণ	২৩
সেমিনার ও কর্মশালা আয়োজন	২৪
ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র সেবা	২৪
সংশোধিত এসটিপি সংক্রান্ত তথ্য	২৫
ট্রাফিক ম্যানেজমেন্ট কমিটি	২৬
জাতীয় শুদ্ধাচার কৌশল	২৬
র‍্যাপিড পাস	২৬
ট্রাফিক সচেতনতামূলক প্রচার অভিযান	৩১
চলমান প্রকল্প (২০২৩-২০২৪)	৩৩
গণশুনানী	৪৩
ইনোভেশন	৪৬
বাজেট	৫৫
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের বিভিন্ন কার্যক্রম	৫৮
পরিশিষ্ট 'ক', 'খ', 'গ'	৭১-৭৭

১। উপক্রমণিকা

ঢাকা মহানগরীর গণপরিবহন ও ট্রাফিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে ১৯৯২-১৯৯৩ সালে পরিকল্পনা মন্ত্রণালয়ের ভৌত অবকাঠামো বিভাগ এর উদ্যোগে United Nations Development Programme (UNDP) এর সহযোগিতায় Dhaka Integrated Transport Study (DITS) সম্পন্ন করা হয়। DITS এর সুপারিশের আলোকে ঢাকা মহানগরীতে সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থা এবং দীর্ঘমেয়াদী নিরাপদ ও সমন্বিত যানবাহন ও পরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ১৯৯৮ সনে থেটার ঢাকা ট্রান্সপোর্ট প্ল্যানিং এন্ড কো-অর্ডিনেশন বোর্ড (GDTPCB) গঠন করা হয়।

GDTPCB-কে বিলুপ্ত করে “ঢাকা যানবাহন সমন্বয় বোর্ড আইন-২০০১” (২০০১ সনের ১৯নং আইন) আইনের আওতায় ০২ জুলাই ২০০১ তারিখে “ঢাকা যানবাহন সমন্বয় বোর্ড (ডিটিসিবি) গঠন করা হয়। ক্রমবর্ধমান নগরায়ণ, জনসংখ্যা বৃদ্ধি ও আর্থসামাজিক পরিস্থিতি উন্নতির প্রেক্ষিতে বৃহত্তর ঢাকার পরিবহন ব্যবস্থাকে সুষ্ঠু, পরিকল্পিত, সমন্বিত ও আধুনিকীকরণ করার লক্ষ্যে ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাকে অন্তর্ভুক্ত করে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২ এর আওতায় ‘ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)’ প্রতিষ্ঠা করা হয়। বর্তমানে ডিটিসিএ’র আওতাভুক্ত এলাকার আয়তন প্রায় ৭,৪০০ বর্গ কিলোমিটার।

২। ভিশন

বৃহত্তর ঢাকার সমন্বিত, আধুনিক ও নিরাপদ পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

৩। মিশন

পরিবহন ব্যবস্থার সুষ্ঠু সমন্বয়, পরিবহন পরিকল্পনা এবং দ্রুতগামী গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে জনসাধারণের জন্য নিরাপদ, নির্ভরযোগ্য এবং সহজলভ্য পরিবহন সেবা প্রদান।

৪। ডিটিসিএ’র কার্যাবলি

৪.১। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২ অনুযায়ী ডিটিসিএ’র ক্ষমতা ও কার্যাবলী নিম্নরূপঃ

- (ক) ঢাকা মহানগরীর যানজট নিরসনের লক্ষ্যে পরিবহন নীতিমালা ও স্কীম প্রণয়ন, অনুমোদন এবং পরিবহন মহাপরিকল্পনা প্রণয়ন ও উহা বাস্তবায়নের কার্যক্রম তদারকী;
- (খ) সরকারি ও বেসরকারি পরিবহন ব্যবস্থাপনার সুস্পষ্ট দিকনির্দেশনাসহ উন্নত পরিবহন সেবা নিশ্চিত করা।
- (গ) বিভিন্ন কর্তৃপক্ষ ও সংস্থার বাস্তবায়িতব্য পরিবহন সংশ্লিষ্ট প্রকল্পসমূহের চূড়ান্ত নক্সা অনুমোদন;
- (ঘ) Town Improvement Act এর section 74 (1) এর অধীন প্রকাশিত মাস্টার প্ল্যান, DAP, STP ও অন্যান্য সমীক্ষা বিবেচনাক্রমে ঢাকার পরিবহন, যানবাহন, রাস্তা, ফুটপাথ, রাস্তা সংলগ্ন স্থানের ব্যবস্থাপনা এবং পার্কিং নীতি প্রণয়ন;
- (ঙ) রাস্তায় পথচারীদের চলাচলের নিরাপত্তা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন এবং উহা বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয়;
- (চ) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নির্মিতব্য বহুতল ভবন ও আবাসিক প্রকল্পে যানবাহনের প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নক্সা অনুমোদন এবং তদারকী;

- (ছ) সুষ্ঠু পরিবহন ব্যবস্থায় বিদ্যমান সৃষ্টিকারী অবকাঠামো নির্মাণে এবং প্রতিবন্ধকতা সৃষ্টিকারী নির্মিত অবকাঠামো অপসারণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;
- (জ) সকল প্রকার ব্যক্তি মালিকানাধীন যানবাহন, সরকারি ও বেসরকারি পরিবহন নিয়ন্ত্রণের নীতিমালা প্রণয়ন, উক্ত নীতিমালা বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলী প্রণয়ন এবং পরিবহন পরিচালনা প্রতিষ্ঠান ও সংস্থার সহিত প্রয়োজনীয় চুক্তি সম্পাদন;
- (ঝ) যানবাহন চলাচলের উন্নয়নে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
- (ঞ) পরিবহন ব্যবহারকালে জননিরাপত্তা নিশ্চিত করিবার লক্ষ্যে ও পরিবহন সংক্রান্ত নিরাপত্তা নীতিমালা প্রণয়ন;
- (ট) সকল শ্রেণীর ও প্রকারের যানবাহনের পরিবেশ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও উহা বাস্তবায়নে দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান;
- (ঠ) পরিবহন সংক্রান্ত কর আরোপ এবং অন্যান্য আর্থিক ব্যবস্থার বিষয় পরামর্শ প্রদান;
- (ড) যানবাহন ও পরিবহন ইঞ্জিনিয়ারিং স্কীম প্রণয়ন এবং উহা অনুমোদন;
- (ঢ) যানবাহনের পার্কিং সুবিধার লক্ষ্যে গৃহীত পার্কিং প্ল্যান ও যানবাহন চলাচলের নক্সা অনুমোদন;
- (ণ) যানবাহনের ডিপো, টার্মিনাল ইত্যাদি স্থাপনার বিষয়ে পরিকল্পনা প্রণয়ন এবং উহা বাস্তবায়নে পরামর্শ প্রদান ও তদারকী;
- (ত) পরিবহন খাতের জন্য দক্ষ জনশক্তি তৈরির উদ্দেশ্যে প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও তদারকী;
- (থ) বিভিন্ন শ্রেণীর পরিবহনের সংখ্যা ও প্রকৃতি নির্ধারণ;
- (দ) যানবাহন ও পরিবহন সংক্রান্ত আইন প্রয়োগে সংশ্লিষ্ট সংস্থা ও কর্তৃপক্ষকে সহায়তা প্রদান;
- (ধ) ত্রুটিপূর্ণ যানবাহন চলাচলের কারণে সৃষ্ট পরিবেশ দূষণরোধে সহায়তা ও পরামর্শ প্রদান;
- (ন) দ্রুতগামী গণপরিবহন (Mass Rapid Transit) ব্যবস্থা সংক্রান্ত নীতি ও প্রকল্প প্রণয়ন, ক্ষেত্রবিশেষে বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহকে পরামর্শ প্রদান ও তদারকী;
- (প) বিভিন্ন পরিবহন রুটের পরিকল্পনা প্রণয়ন এবং রুট ও লেন নির্ধারণের বিষয় নীতিমালা ও পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন;
- (ফ) নৌ-পরিবহন রুটের সহিত স্থল পরিবহনের সংযোগ স্থাপনের লক্ষ্যে সমন্বিত পরিকল্পনা প্রণয়ন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উহা বাস্তবায়নের পরামর্শ প্রদান;
- (ব) দ্রুত ও উন্নত সেবা প্রদানের লক্ষ্যে দ্রুতগামী গণপরিবহন ব্যবস্থার আওতায় বাস র‍্যাপিড ট্রানজিট, মেট্রোরেল এবং রুট ভাড়া অথবা লীজ প্রদানের মাধ্যমে (রুট ফ্র্যাঞ্চাইজ) বাস বা রেল (মেট্রো/মনো/সার্কুলার/কমিউটার) বা এক্সপ্রেসওয়ে (উচ্চ ধারণক্ষমতাসম্পন্ন লেন) পরিচালনার জন্য সরকারি, বেসরকারি অথবা সরকারি-বেসরকারি যৌথ মালিকানায় পরিবহন পরিচালনার কার্যক্রম, ভাড়া নির্ধারণ এবং এতদসংক্রান্ত অন্যান্য কাজের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও অনুমোদন;

- (ভ) গণপরিবহন সংক্রান্ত প্রচারণা ও তথ্য বিনিময়;
- (ম) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকারের পূর্বানুমোদনক্রমে চুক্তি সম্পাদন;
- (য) উপরি-উক্ত কোন বিষয়ের সহিত প্রাসঙ্গিক অন্য কোন কাজ;
- (র) সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

৪.২। মেট্রোরেল আইন ২০১৫ অনুযায়ী ডিটিসিএ'র কার্যাবলী নিম্নরূপঃ

- (ক) মেট্রোরেল আইনের অধীন লাইসেন্স প্রদান ও নবায়নের উদ্দেশ্যে নির্বাহী পরিচালকের নেতৃত্বে বাছাই কমিটি গঠন এবং সুপারিশ প্রদান (ধারা-১১);
- (খ) মেট্রোরেলের অবকাঠামোগত সুবিধাদি ও রোলিং স্টক স্থাপন, পরিচালনা, উহার রক্ষণাবেক্ষণ এবং নিরাপত্তা ব্যবস্থাপনাসহ সকল কারিগরি বিষয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রদান (ধারা-১৫(১));
- (গ) কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় সরকারের নির্দেশনা গ্রহণক্রমে, মেট্রোরেল সেবা বাবদ যাত্রী কর্তৃক প্রদেয় ভাড়ার হার নির্ধারণ (ধারা-১৭);
- (ঘ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষের যে কোনও কর্মকর্তাকে পরিদর্শক হিসাবে নিয়োগ প্রদান (ধারা-২১);
- (ঙ) পরিদর্শক মেট্রোরেলের লাইসেন্সের মেয়াদ, যন্ত্রপাতি ও সরঞ্জামের গুণগতমান, নিরাপত্তা ব্যবস্থা ও যাত্রী সেবার মান পরীক্ষা-নিরীক্ষার উদ্দেশ্যে মেট্রোরেল এলাকার যে কোন স্থানে প্রবেশ করিবেন (ধারা-২২(১));
- (চ) পরিদর্শক কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (ধারা-২২(৪));

৪.৩। বিআরটি আইন-২০১৬ অনুযায়ী ডিটিসিএ'র কার্যাবলী নিম্নরূপঃ

- (ক) সরকারের পূর্বানুমোদনক্রমে, ধারা ১১ এর অধীন গঠিত বাছাই কমিটি সুপারিশের ভিত্তিতে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি, মেয়াদ ও শর্তে এবং ফিস আদায় সাপেক্ষে বিআরটি পরিচালনার উদ্দেশ্যে লাইসেন্স ইস্যু করা [ধারা-৯(১)];
- (খ) বিআরটি বাস পরিচালনার জন্য সড়কপথ নির্ধারণ [ধারা-১৬(১)];
- (গ) বিআরটি নির্মাণ, পরিচালনা, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ব্যবস্থাপনা ও উহার অবকাঠামোগত সুবিধাদি এবং বিআরটি বাস পরিচালনার ক্ষেত্রে নির্ধারিত কারিগরি মান সম্পর্কিত নির্দেশনা প্রদান [ধারা-১৭(১)];
- (ঘ) সরকারের পূর্বানুমোদনক্রমে, বিআরটি সেবা বাবদ যাত্রী কর্তৃক প্রদেয় যুক্তিযুক্ত ভাড়ার হার নির্ধারণ [ধারা-১৯(১)];
- (ঙ) কর্তৃপক্ষের যে কোনও কর্মকর্তাকে পরিদর্শক হিসাবে নিয়োগ প্রদান (ধারা-২৩);
- (চ) পরিদর্শক কর্তৃক বিআরটি এর লাইসেন্স, যন্ত্রপাতি ও সরঞ্জামের গুণগতমান, নিরাপত্তা ব্যবস্থা ও যাত্রী সেবার মান ও তদসংশ্লিষ্ট অন্যান্য বিষয় পরীক্ষা-নিরীক্ষা শেষে প্রদত্ত প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ [ধারা-২৪ (১)০];

৫। পরিচালনা পরিষদ

ডিটিসিএ'র অধিভুক্ত এলাকার পরিবহন সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে ৩১ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পরিষদ রয়েছে, যার সভাপতি সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী।

পরিচালনা পরিষদের সদস্যদের পরিচিতি:

মাননীয় মন্ত্রী সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা	চেয়ারম্যান, ডিটিসিএ পরিচালনা পরিষদ
মাননীয় মেয়র ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	ভাইস চেয়ারম্যান ডিটিসিএ পরিচালনা পরিষদ
মাননীয় মেয়র ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	ভাইস চেয়ারম্যান ডিটিসিএ পরিচালনা পরিষদ
মাননীয় মেয়র নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
মাননীয় মেয়র গাজীপুর সিটি কর্পোরেশন	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সংসদ সদস্য ১৭২ মুন্সিগঞ্জ-২	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সংসদ সদস্য ১৯৩ ঢাকা-২০	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সংসদ সদস্য ২০৫ নারায়ণগঞ্জ-২	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সিনিয়র সচিব জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সচিব সেতু বিভাগ	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সচিব স্থানীয় সরকার বিভাগ	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ

সচিব নৌ-পরিবহন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সচিব পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সচিব রেলপথ মন্ত্রণালয় রেল ভবন, ঢাকা	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
প্রধান প্রকৌশলী সড়ক ও জনপথ অধিদপ্তর	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
বিভাগীয় কমিশনার ঢাকা বিভাগ, ঢাকা	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
চেয়ারম্যান বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
চেয়ারম্যান রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
চেয়ারম্যান বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
চেয়ারম্যান বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
মেয়র মানিকগঞ্জ পৌরসভা	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
মেয়র মুন্সিগঞ্জ পৌরসভা	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
মেয়র নরসিংদী পৌরসভা	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ

মেয়র সাভার পৌরসভা	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সাধারণ সম্পাদক বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
সভাপতি, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন	সদস্য ডিটিসিএ পরিচালনা পরিষদ
নির্বাহী পরিচালক ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ	সদস্য-সচিব, ডিটিসিএ পরিচালনা পরিষদ

৬। কোম্পানি গঠন

ডিটিসিএ আইন-২০১২ এর ধারা-১৯ অনুসারে “এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষ, সরকারের, পূর্বানুমোদনক্রমে গণপরিবহন ব্যবস্থার উন্নয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে পৃথক কোম্পানী গঠনের উদ্যোগ গ্রহণ করিতে পারিবে”।

ডিটিসিএ আইন ২০১২ এর ধারা ১৯ অনুসারে ডিটিসিএ কর্তৃক ঢাকা ও এর পার্শ্ববর্তী এলাকায় মেট্রোরেল নির্মাণ ও পরিচালনার লক্ষ্যে ঢাকা মাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (DMTCL) গঠন করা হয়। ডিটিসিএ আইন ২০১২ এর ধারা ১৯ অনুসারে ডিটিসিএ কর্তৃক ঢাকা ও এর পার্শ্ববর্তী এলাকায় বাস র্যাপিড ট্রানজিট ব্যবস্থার অবকাঠামো নির্মাণ ও পরিচালনার লক্ষ্যে ঢাকা বাস র্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড (DBRTCL) গঠন করা হয়।

৭। সিটিজেনস্ চার্টার

ডিটিসিএ এর সিটিজেনস্ চার্টার বা সেবা প্রদান প্রতিশ্রুতি নীচে দেওয়া হল যা বিস্তারিতভাবে (পরিশিষ্ট-ক)-তে বর্ণিত হয়েছে।

নাগরিক সেবা

- ✓ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নির্মিতব্য বহুতল ভবনে যানবাহনের প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নক্সা অনুমোদন ও তদারকী।
- ✓ কোন আবাসন (হাউজিং) প্রকল্পে যানবাহনের প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নক্সা অনুমোদন ও তদারকী।
- ✓ গণপরিবহনের ভাড়া আদায়ে র্যাপিড পাস কার্ড।

প্রাতিষ্ঠানিক সেবা

- ✓ পরিবহন / যানবাহন সংক্রান্ত বিষয়ে সমন্বয় সাধন ও পরামর্শ প্রদান।
- ✓ কোন সরকারি আবাসন (হাউজিং) প্রকল্পে যানবাহনের প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নক্সা অনুমোদন ও তদারকী।
- ✓ বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিবহন অবকাঠামো নির্মাণে ছাড়পত্র প্রদান।

অভ্যন্তরীণ সেবা

- ✓ কর্মকর্তা/কর্মচারীগণের প্রমোশন, টাইমস্কেল প্রদান ইত্যাদি।
- ✓ নৈমিত্তিক ছুটি ব্যতীত অন্যান্য ছুটি সংক্রান্ত কেস অগ্রায়ন/অনুমোদন।
- ✓ কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।
- ✓ ইন্টারনেট ও ওয়াইফাই।
- ✓ স্টোর আইটেম ও স্টেশনারী দ্রবাদি সরবরাহ।

৮। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (Grievance Redress System)

অভিযোগ প্রতিকার ব্যবস্থায় ডিটিসিএ প্রতিশ্রুত সেবা, সেবা প্রদান পদ্ধতি এবং সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাগণ মতামত/অভিযোগ জানাতে পারেন। অভিযোগ দাখিল করার পর এসএমএস ও ই-মেইলের মাধ্যমে অভিযোগ প্রতিকারের সর্বশেষ অবস্থা সম্পর্কে জানানো হয়। তবে অজ্ঞাতনামা হিসেবে অভিযোগ দাখিল করলে অভিযোগ সম্পর্কে পরবর্তীতে কোন তথ্য প্রদান করার সুযোগ থাকে না। অভিযোগ দাখিল করার সময় অভিযোগ সংশ্লিষ্ট দপ্তর ও সেবা নির্বাচন, সেবা আবেদনের তারিখ, অভিযোগকারীর নাম, অভিযোগের বিষয়, বর্ণনা ও প্রয়োজনীয় সংযুক্তি প্রদান করে অভিযোগটি ডিটিসিএ'র অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার নিকট দাখিল করতে হবে। অভিযোগ নিষ্পত্তির সময়সীমা ৩০ কার্যদিবস। অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তার কার্যক্রমে আবেদনকারী সন্তুষ্ট না হলে আপিল কর্মকর্তার নিকট আবেদন করবেন। আপিল কর্মকর্তা আপিল দাখিলের তারিখ থেকে অনধিক ২০ কার্যদিবসের মধ্যে আপিল নিষ্পত্তি করবেন। ডিটিসিএ'র অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার ও আপিল নিষ্পত্তিকারী কর্মকর্তা হিসেবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা রয়েছেন। ডিটিসিএ'র ওয়েবসাইটে অভিযোগ গ্রহণের অনলাইন আবেদন করার ব্যবস্থা রয়েছে এবং ডিটিসিএ অফিসে অভিযোগ দাখিলের জন্য একটি অভিযোগ বক্স রয়েছে। প্রতিমাসের শেষে মন্ত্রণালয়ে এ বিষয়ে লিখিত প্রতিবেদন প্রেরণ করা হয় এবং ডিটিসিএ'র ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালিত করার নিমিত্তে এ বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরে ডিটিসিএ'র কর্মকর্তা-কর্মচারীদের ২টি ট্রেনিং প্রদান করা হয়েছে। এছাড়া ২টি অংশীজন (stakeholder) সভা করে এ বিষয়ে অংশীজনদের (stakeholder) অবগত করা হয়েছে।

৯। জনবল

ডিটিসিএ এর সাংগঠনিক কাঠামো অনুসারে অনুমোদিত পদ ২১২ টি, তন্মধ্যে ৩০শে জুন, ২০২৩ পর্যন্ত কর্মরত কর্মচারীর সংখ্যা ছিল ৯৬ জন। শূন্যপদ পূরণের লক্ষ্যে ৩০.০৬.২০২২ তারিখে প্রথম পর্যায়ে ও ২৬.০৬.২০২৩ তারিখে ২য় পর্যায়ে ১৩-১৭ গ্রেডভুক্ত ২৪ টি পদের এবং ২৪.০৮.২০২৩ তারিখে ৫ম-৯ম গ্রেডভুক্ত ১৮ টি শূন্যপদের ছাড়পত্র পাওয়া যায়। ছাড়পত্র প্রাপ্তির পর টেলিটকের মাধ্যমে আবেদন গ্রহণ করা হয়। আবেদনকৃত প্রার্থীদের ৬ দিনে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করে গত ১৭.১২.২০২৩ ও ২৩.০১.২০২৪ তারিখে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়। চূড়ান্তভাবে নির্বাচিত মোট ৪০ জন কর্মকর্তা ও কর্মচারীর অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হয়। তন্মধ্যে মোট ৩০ জন কর্মকর্তা ও কর্মচারী ডিটিসিএ'তে যোগদান করেন। বর্তমানে ডিটিসিএ'তে কর্মরত মোট জনবলের সংখ্যা নিম্নরূপঃ








গ্রেড/শ্রেণি	মোট অনুমোদিত পদ	কর্মরত	শূন্যপদ
১ম শ্রেণি (১ম-৯ম)	৭৩ টি	৪৯ জন	২৪ টি
২য় শ্রেণি (১০ গ্রেড)	৮ টি	৬ জন	২ টি
৩য় শ্রেণি (১১তম গ্রেড-১৬তম গ্রেড)	৭১ টি	৩২ জন	৩৯ টি
৪র্থ শ্রেণি (১৭তম -২০ তম গ্রেড)	৬০ টি	৩৯ জন	২১ টি
মোট	২১২ টি	১২৬ জন	৮৬ টি

ডিটিসিএ'র কর্মকর্তাগণঃ

	নাম	নীলিমা আখতার
	পদবি	নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
	ইমেইল	ed@dtca.gov.bd
	নাম	মোঃ মোতাহিম বিল্লাহ
	পদবি	অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি) (অতিরিক্ত সচিব)
	ইমেইল	aed.p&p@dtca.gov.bd
	নাম	এ কে এম হাফিজুর রহমান
	পদবি	অতিরিক্ত নির্বাহী পরিচালক (ম্যাস ট্রানজিট) (যুগ্মসচিব)
	ইমেইল	aed.mt@dtca.gov.bd

	নাম	মোহাম্মদ রবিউল আলম
	পদবি	অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)
	ইমেইল	aed.tmpti@dtca.gov.bd
	নাম	মোঃ নাজমুল হক
	পদবি	পরিচালক (প্রশাসন) (উপসচিব)
	ইমেইল	dir.admin@dtca.gov.bd
	নাম	মোঃ নাহমাদুল হাসান
	পদবি	সিনিয়র আরবান প্ল্যানার
	ইমেইল	up@dtca.gov.bd
	নাম	মোঃ মামুনুর রহমান
	পদবি	সিনিয়র রোড সেফটি স্পেশালিস্ট (চলতি দায়িত্ব)
	ইমেইল	srss@dtca.gov.bd
	নাম	মোঃ সেলিম খান
	পদবি	ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার
	ইমেইল	teo@dtca.gov.bd
	নাম	মুহাম্মদ রকিবুল হাসান
	পদবি	ট্রান্সপোর্ট প্ল্যানার
	ইমেইল	tp@dtca.gov.bd
	নাম	মীর মোহাম্মদ কামরুল হাসান
	পদবি	ট্রাফিক ইঞ্জিনিয়ার
	ইমেইল	tre@dtca.gov.bd
	নাম	মোহাম্মদ আসাদুজ্জামান
	পদবি	ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট (উপসচিব)
	ইমেইল	teco@dtca.gov.bd

	নাম	মোহাম্মদ সেকান্দর হায়াত বাহাদুর
	পদবি	হিসাব ও অর্থ কর্মকর্তা
	ইমেইল	afo@dtca.gov.bd
	নাম	শওকত আহমেদ মজুমদার
	পদবি	ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার
	ইমেইল	te@dtca.gov.bd
	নাম	জীতেন্দ্র কুমার নাথ
	পদবি	উপপরিচালক (প্রশাসন) (সিনিয়র সহকারী সচিব)
	ইমেইল	dd.admin@dtca.gov.bd
	নাম	ইশতিয়াক আহমেদ
	পদবি	উপপরিচালক (অডিট) (সিনিয়র সহকারী সচিব)
	ইমেইল	dd.audit@dtca.gov.bd
	নাম	ধুব আলম
	পদবি	ডেপুটি ট্রান্সপোর্ট প্ল্যানার
	ইমেইল	dtp@dtca.gov.bd, dhrubo101@yahoo.com
	নাম	কে. এম. তৌফিকুল হাসান
	পদবি	ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার
	ইমেইল	hasan07buet@gmail.com, dte@dtca.gov.bd
	নাম	মোঃ রাকিবুল হাসান
	পদবি	ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (এমআরটি)
	ইমেইল	dmte.mrt@dtca.gov.bd

	নাম	মুহাম্মদ আবদুর রকিব
	পদবি	ডেপুটি ম্যাস ট্রানজিট প্ল্যানার (এমআরটি)
	ইমেইল	raquib34@gmail.com, dmtm.mrt@dtca.gov.bd
	নাম	মোঃ তুষার
	পদবি	ডেপুটি মাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)
	ইমেইল	dmte.brt@dtca.gov.bd, tusher.me@gmail.com
	নাম	মোঃ মিজানুর রহমান
	পদবি	ডেপুটি আরবান প্ল্যানার
	ইমেইল	mizanurrahman.buet07@gmail.com, dup@dtca.gov.bd
	নাম	অপু দেবনাথ
	পদবি	সিনিয়র সহকারী হিসাব ও অর্থ কর্মকর্তা
	ইমেইল	apu.icmab2017@gmail.com, saafu@dtca.gov.bd
	নাম	সৈয়দ মাহফুজ-উল-ইসলাম
	পদবি	ডেপুটি আর্কিটেক্ট
	ইমেইল	mahfuzshanto@gmail.com, darch@dtca.gov.bd
	নাম	আবু তালহা মোঃ সাফওয়ান
	পদবি	প্রোগ্রামার
	ইমেইল	safwan.dtca@gmail.com, programmer@dtca.gov.bd
	নাম	মোঃ পারভেজ হাওলাদার
	পদবি	প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স)
	ইমেইল	pervej.cse12@gmail.com, p.chom@dtca.gov.bd
	নাম	রাশিদা সুলতানা
	পদবি	প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস এডমিনিস্ট্রেটর)
	ইমেইল	rashida57pust@gmail.com, p.cha@dtca.gov.bd

	নাম	মুকুল চন্দ্র মহন্ত
	পদবি	প্রোগ্রামার (ডাটাবেজ)
	ইমেইল	mukul.oracle@gmail.com, p.db@dtca.gov.bd
	নাম	ডি, এম, গিয়াস মালিক
	পদবি	ডেপুটি ট্রাফিক ইঞ্জিনিয়ার
	ইমেইল	dtre@dtca.gov.bd
	নাম	এম এম আসিফ নওয়াজ
	পদবি	ডেপুটি ডিজাইন ইঞ্জিনিয়ার
	ইমেইল	ade@dtca.gov.bd
	নাম	তন্ময় পাল জয়ন্ত
	পদবি	ডেপুটি ম্যানেজার, ট্রাফিক সার্ভে
	ইমেইল	dmtsdp@dtca.gov.bd
	নাম	মো. সামিউল হক চিশতী
	পদবি	ডেপুটি পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার
	ইমেইল	dpcpo@dtca.gov.bd
	নাম	ইয়াদ রহমান নির্বার
	পদবি	সহকারী আর্কিটেক্ট
	ইমেইল	aarch@dtca.gov.bd
	নাম	মোঃ আসিফ আলী সিদ্দিকী
	পদবি	সহকারী জিআইএস এনালিস্ট
	ইমেইল	agisa@dtca.gov.bd
	নাম	গোলাম সারোয়ার
	পদবি	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
	ইমেইল	ame1@dtca.gov.bd, sarwar.ovi95@gmail.com
	নাম	সাদ্দাম হোসেন
	পদবি	সহকারী প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউজ এডমিনিস্ট্রেটর)
	ইমেইল	esaddam.cse@gmail.com, ap.cha@dtca.gov.bd


	নাম	মোঃ জাহিরুল ইসলাম
	পদবি	সহকারী পরিচালক
	ইমেইল	ad1.a@dtca.gov.bd
	নাম	আবু তাহের
	পদবি	সহকারী হিসাব ও অর্থ কর্মকর্তা
	ইমেইল	aafo@dtca.gov.bd
	নাম	মোঃ ইনজামুল হক মেহেদী
	পদবি	সহকারী ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)
	ইমেইল	amte.brt@dtca.gov.bd
	নাম	আবিদ হাসান
	পদবি	সহকারী ট্রান্সপোর্ট প্ল্যানার
	ইমেইল	atp@dtca.gov.bd
	নাম	মোঃ নাজমুস সাকিব
	পদবি	সহকারী ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট
	ইমেইল	ateco@dtca.gov.bd
	নাম	মোঃ রুবেল আলী
	পদবি	সহকারী প্রোগ্রামার (ডাটাবেজ)
	ইমেইল	ap.db@dtca.gov.bd
	নাম	মোঃ রাফি হায়দার
	পদবি	সহকারী প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউজ অপারেশন এন্ড মেইনটেন্যান্স)
	ইমেইল	ap.chom@dtca.gov.bd
	নাম	নির্বর দেব
	পদবি	সহকারী ট্রাফিক ইঞ্জিনিয়ার
	ইমেইল	atre@dtca.gov.bd
	নাম	মোঃ তৌফিকুর রহমান
	পদবি	সহকারী পরিচালক
	ইমেইল	ad2.a@dtca.gov.bd

	নাম	মোঃ রেজওয়ান আহমেদ
	পদবি	সহকারী ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (এমআরটি)
	ইমেইল	amte.mrt@dtca.gov.bd
	নাম	সুব্রত দত্ত
	পদবি	সহকারী মাস ট্রানজিট প্লানার (বিআরটি)
	ইমেইল	amtp.brt@dtca.gov.bd
	নাম	মোঃ নাইম ইসলাম
	পদবি	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
	ইমেইল	ame2@dtca.gov.bd
	নাম	কারার শোয়েব
	পদবি	সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)
	ইমেইল	ad.t@dtca.gov.bd
	নাম	মোঃ তৌহিদ হাসান
	পদবি	সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)
	ইমেইল	ad3.a@dtca.gov.bd
	নাম	পাপিয়া খান
	পদবি	প্রশাসনিক কর্মকর্তা
	ইমেইল	ao2@dtca.gov.bd
	নাম	হোসনেআরা ইয়াসমিন
	পদবি	প্রশাসনিক কর্মকর্তা
	ইমেইল	ao4@dtca.gov.bd


	নাম	মোহাম্মদ ইউনুস
	পদবি	নির্বাহী পরিচালকের একান্ত সচিব
	ইমেইল	ps.ed@dtca.gov.bd
	নাম	মো: ফটিক আলী
	পদবি	উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)
	ইমেইল	sae.e@dtca.gov.bd

ডিটিসিএ'র অর্গানোগ্রাম


[মোট মঞ্জুরীকৃত জনবল ২১২ জন]




অতিরিক্ত নির্বাহী পরিচালক
(টিএমপিটিআই), হোড-৩
মোট জনবল-৫৩



অতিরিক্ত নির্বাহী পরিচালক
(মাস ট্রানজিট), হোড-৩
মোট জনবল-৩৩





১০। ডিটিসিএ ভবন

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নিজস্ব ভবন না থাকায় তেজগাঁওস্থ সড়ক ও জনপথ অধিদপ্তর কম্পাউন্ডে যৌথ সমঝোতা স্মারকের ভিত্তিতে ২ বিঘা ভূমির উপর রাজস্ব খাতের প্রায় ১৭৮.০৭ কোটি ব্যয়ে আনুষঙ্গিক সুযোগ সুবিধা ও ২টি বেইজমেন্টসহ ২০,৯০৩ বর্গমিটার ফ্লোর এরিয়া বিশিষ্ট ১৩তলা ভবন রাজস্ব খাতের আওতায় সওজ অধিদপ্তর কর্তৃক নির্মাণ করা হয়। নিয়ন্ত্রিত। ভবনে ১২০টি অফিস কক্ষ, ৩৫০ আসন বিশিষ্ট মিলনায়তন, ৩টি কনফারেন্স হল, প্রার্থনা কক্ষ, পাবলিক প্লাজা, গ্রন্থাগার, ক্যাফেটেরিয়া, ২টি বেইজমেন্ট ফ্লোরে ১২৪টি কার পার্কিং ও ২টি বাস পার্কিং সুবিধা, ট্রেনিং সেন্টার এবং ১ গম্বুজ বিশিষ্ট ২১৮১ বর্গমিটারের দ্বিতল গোলাকৃতির একটি মসজিদও রয়েছে। গত ২১.০৪.২০২৪ তারিখে ডিটিসিএ হেডকোয়ার্টার্স কমপ্লেক্স ভবনের ডিটিসিএ টাওয়ার আনুষ্ঠানিকভাবে গ্রহণ ও হস্তান্তর করা হয়।



চিত্র নং- ০১ : ডিটিসিএ অফিস ভবন সম্মুখদৃশ্য



চিত্র নং- ০২ : ডিটিসিএ এবং সওজ অফিস এর মসজিদ ভবন

১১। প্রশিক্ষণ

দেশের অভ্যন্তরে ২০২৩-২০২৪ অর্থবছরে মোট ১৩টি প্রশিক্ষণ ও ০৬টি প্রশিক্ষণ/লার্নিং সেশন আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ ও লার্নিং সেশনে মোট ৭৩০ (সাতশত ত্রিশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) -তে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যেসকল বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে তন্মধ্যে উল্লখযোগ্য হলো: “ডি-নথি,” “জাতীয় শুদ্ধাচার কৌশল,” “এসিআর লিখন,” “Knowledge Sharing about Steps toward Smart Bangladesh”, সিটিজেন চার্টার, “অভিযোগ ও প্রতিকার ব্যবস্থা”, সরকারি কর্মচারী অফিস “ব্যবস্থাপনা পদ্ধতি, “ডিজিটাল মাস্টার ফাইল ব্যবস্থাপনা” “৪১ তম বিসিএস (সড়ক ও জনপথ) ক্যাডারে যোগদানকৃত কর্মকর্তাদের ডিটিসিএ’র কার্যাবলী সম্পর্কে সম্যক ধারণা প্রদান”, “পেশাজীবী গাড়ি চালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ/লার্নিং সেশন” ও “প্রমিত বাংলা ভাষার শুদ্ধ ব্যবহার ও বানান নীতিমালা” শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

১২। সেমিনার ও কর্মশালা আয়োজন

বৃহত্তর ঢাকার গণপরিবহন ব্যবস্থাকে সুষ্ঠু ও সুসংগঠিত করতে সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের সমন্বিতভাবে কাজ করার কোন বিকল্প নেই। পরিবহন ব্যবস্থাকে উন্নত ও যুগোপযোগী করার লক্ষ্যে সংশ্লিষ্টদের মতামত গ্রহণ এবং পরামর্শ প্রদানের নিমিত্ত ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক নিম্নোক্ত মোট ০৬ (ছয়)টি সেমিনার ও কর্মশালার আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা মোট ১০০৮ (এক হাজার আট) জন:

- ১। “জাতীয় লজিস্টিক বিষয়ক” কর্মশালা।
- ২। “ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি” সংক্রান্ত কর্মশালা।
- ৩। “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ” শীর্ষক কর্মশালা।
- ৪। “তথ্য অধিকার আইন, ২০০৯” শীর্ষক কর্মশালা।
- ৫। “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন” শীর্ষক কর্মশালা।
- ৬। “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিক সেবায় উদ্ভাবন” শীর্ষক কর্মশালা।

১৩। ট্রাফিক সাকুলেশন ছাড়পত্র সেবা

(১) ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন-২০১২ এর ৯(চ) উপধারা অনুযায়ী বৃহত্তর ঢাকায় বহুতল ভবন ও আবাসন প্রকল্পে যানবাহন প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নক্সা ডিটিসিএ কর্তৃক অনুমোদন ও এতদসংক্রান্ত ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। বিগত ৭ অর্থবছরের ছাড়পত্র প্রদানের পরিসংখ্যান নিম্নরূপ:

অর্থবছর	বহুতল ভবন	আবাসিক প্রকল্প (নবায়নসহ)	মোট
২০১৩-২০১৪	১৪৪	২	১৪৬
২০১৪-২০১৫	১০১	৬	১০৭
২০১৫-২০১৬	৯৮	১১	১০৯
২০১৬-২০১৭	৬৮	৪	৭২
২০১৭-২০১৮	১০৭	৩	১১০
২০১৮-২০১৯	৯৭	৪	১০১
২০১৯-২০২০	১০	৬	১৬
২০২০-২০২১	৩	৫	৮
২০২১-২০২২	১	১	২
২০২২-২০২৩	৮	৩	১১
২০২৩-২০২৪	৪	১	৫
মোট	৬৪১	৪৬	৬৮৭

(২) ২০১২ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত সময়ে রাজউক কর্তৃক অনুমোদিত ১০তলা বা তদুর্ধ্ব বহুতল ভবনের মধ্যে যে সকল ভবন ডিটিসিএ কর্তৃক অনুমোদিত হয়নি সে সকল ভবনের তালিকা ডিটিসিএ'র ওয়েবসাইটের ট্রাফিক সার্কুলেশন সেবা বক্সে গত সেপ্টেম্বর, ২০২৩ তারিখে প্রকাশ করা হয়। উক্ত তালিকা হতে ৩০ টি ভবন ২০২৩-২৪ অর্থবছরে পরিদর্শন করা হয়।

১৪। সংশোধিত এসটিপি সংক্রান্ত তথ্য

ঢাকা মহানগরীর ও পার্শ্ববর্তী এলাকার জন্য একটি পরকল্পিত ও সমন্বিত আধুনিক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা এবং ঢাকা মহানগরীর অভ্যন্তরীণ সড়ক নেটওয়ার্ক উন্নয়ন, মহানগরীর প্রবেশ ও নির্গমন মহাসড়কের যানজট নিরসন ও আধুনিক গণপরিবহন ব্যবস্থার প্রবর্তনের লক্ষ্যে ২০০৫ সালে ২০ বছর মেয়াদি 'কৌশলগত পরিবহন পরিকল্পনা' (Strategic Transport Plan বা STP) প্রণয়ন করা হয়। STP তিন ধাপে [ধাপ-১:২০০৫-২০০৯, ধাপ-২: ২০১০-২০১৪, ধাপ-৩(ক): ২০১৫-২০১৯ এবং ধাপ-৩ (খ):২০২০-২০২৪] বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছিল। কিন্তু STP ২০০৮ সালে অনুমোদিত হওয়ায় প্রথম ধাপে কোন কাজ করা সম্ভবপর হয়নি।

বর্তমান সরকার ২০০৯ সালে ক্ষমতা গ্রহণের পর STP তে যে-সকল সুপারিশ করা হয়েছে তার মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ। একই সাথে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় আরো কতিপয় প্রকল্প গ্রহণ করা হয়। তন্মধ্যে গাজীপুর থেকে এয়ারপোর্ট পর্যন্ত বাস র‍্যাপিড ট্রানজিট এবং কুড়িল ইন্টারচেঞ্জ নির্মাণ অন্যতম।

পরবর্তীতে সংশোধিত STP (STP 2015) গত ২৯ আগস্ট ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ সভায় অনুমোদিত হয়। ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকায় প্রতিদিন প্রায় ৩০ মিলিয়ন ট্রিপ তৈরি হয়। সংশোধিত STP অনুযায়ী ২০২৫ সালে ৪২ মিলিয়ন ট্রিপ এবং ২০৩৫ সালে ৫২ মিলিয়ন ট্রিপ তৈরি হবে। এই বিশাল পরিবহন চাহিদা মেটানোর জন্য সংশোধিত STP তে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী প্রকল্প গ্রহণের সুপারিশ করা হয়েছে। সংশোধিত STP আওতায় পর্যায়ক্রমে ৫টি Mass Rapid Transit (MRT), ২টি Bus Rapid Transit (BRT), ৩টি রিং রোড, ৮টি রেডিয়াল সড়ক, ৬টি এক্সপ্রেসওয়ে, ২১ টি ট্রান্সপোর্টেশন হাব নির্মাণ করা হবে এবং ট্রাফিক ম্যানেজমেন্ট, রোড সেফটি ব্যবস্থার উন্নয়ন সাধিত হবে ও বাস পরিবহন সেক্টর পুনর্গঠন করা হবে।

কৌশলগত পরিবহন পরিকল্পনা (STP) সংশোধন ও হালনাগাদ করার সময় ২০০৫ সালে প্রণীত Urban Transport Policy এবং Institutional Development Report ও হালনাগাদ করা হয়েছে।

ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন এবং সমন্বিত পরিবহন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশোধিত STP তে উল্লিখিত যে কোন প্রকল্প সংশ্লিষ্ট সংস্থা বাস্তবায়ন করতে পারবে। তবে সংশোধিত STP এর বাইরে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন-২০১২ অনুযায়ী ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর অধিক্ষেত্রে পরিবহন সেক্টরে প্রকল্প গ্রহণের সম্মতি প্রদান ও বাস্তবায়ন কার্যক্রম সমন্বয় করে থাকে।

বিভিন্ন সংস্থা কর্তৃক সংশোধিত এসটিপি বাস্তবায়নে ডিটিসিএ কর্তৃক পর্যবেক্ষণের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪

ক্রমিক নং	বিষয়সহ কর্মপরিকল্পনা	বাস্তবায়নে অগ্রগতি
০১	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বিবিএ) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে'র বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রকল্পের সাথে সমন্বয় বিষয়ক সভা।	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বিবিএ) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে'র বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রকল্পের সাথে সমন্বয়ের বিষয়ে আলোচনার জন্য গত 11 অক্টোবর, 2023 তারিখে ডিটিসিএ ভবনের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মন্ত্রণালয়ের প্রতিনিধি, রাজউক, সওজ, ডিএমপি, হাইওয়ে পুলিশ, ডিএনসিসি, ডিএসসিসি, ডিএমিটিসিএল, ঢাকা বিআরটি কোম্পানি, বেবিচক, ডিটিসিএ, অন্যান্য সংশ্লিষ্ট প্রকল্প ও সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও ফার্স্ট ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের প্রতিনিধি উপস্থাপনা প্রদান করেন। প্রকল্প দুইটির সমন্বয়ের মাধ্যমে র‍্যাম্প শিফট এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, ট্রাফিক সার্কুলেশন প্ল্যান, MTR-1, Railway level crossing ও অন্যান্য প্রকল্পের সাথে সমন্বয়, টোল আদায়ে Rapid Pass ব্যবহার এবং প্রয়োজনীয় স্টাডি রিপোর্ট ও ডিজাইন ডিটিসিএ'র নিকট দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
০২	আরএসটিপিভুক্ত রিং রোডসমূহের এলাইনমেন্ট সরেজমিনে পরিদর্শন। <u>পরিদর্শন টিমঃ</u> <ul style="list-style-type: none"> ▪ অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই), ডিটিসিএ ▪ সিনিয়র আরবান প্ল্যানার, ডিটিসিএ ▪ ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ডিটিসিএ ▪ ডেপুটি আর্কিটেক্ট, ডিটিসিএ ▪ ডেপুটি আরবান প্ল্যানার, ডিটিসিএ ▪ ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার 	<p>১৪/০১/২০২৪ খ্রিঃ ও ২৯/০৫/২০২৪ তারিখে সরেজমিনে পরিদর্শন করেন।</p> <p>উক্ত পরিদর্শন টিম সরেজমিনে পরিদর্শন করে নিম্নবর্ণিত বিষয়সমূহ সুপারিশ করেন:</p> <p>১। রেল/লেভেল ক্রসিং, কোবাড়ি, দক্ষিণখান এ রিং রোডে বাধাহীনভাবে যানবাহন চলাচলের জন্য উক্ত স্থানে আবশ্যিকভাবে ওভারপাস বা আন্ডারপাস নির্মাণের বিষয়টি ইনার রিং রোডের ডিজাইন রাখা প্রয়োজন।</p> <p>২। তেরামুখ সেতু এলাকায় ইনার রিং রোড নির্মাণকালে প্রয়োজনে নতুন সেতু, আন্ডারপাস বা ইন্টারচেঞ্জ ইত্যাদি প্রয়োজন অনুযায়ী নক্সায় অন্তর্ভুক্ত করতে হবে।</p> <p>৩। পূর্বাচল সংলগ্ন এলাকায় তেরামুখ হতে এ পর্যন্ত প্রস্তাবিত এলাইনমেন্টের উভয় পার্শ্বে জলপথ রয়েছে বিধায়, জলযানের চলাচলের বিষয়টি নকশা কালীন বিবেচনায় নেওয়া প্রয়োজন।</p> <p>৪। পূর্বাচল এক্সপ্রেসওয়ে'র ক্রসিং এর স্থানে বাধাহীনভাবে যানবাহন চলাচলের জন্য গ্রেড সেপারেশন প্রয়োজন ও একই সাথে উভয় সড়কের মধ্যে সংযোগ থাকা প্রয়োজন এবং পূর্বাচল এক্সপ্রেসওয়ে সংলগ্ন ওয়াকওয়ে (ফুটপাথ), সার্ভিস রোড, খাল,</p>

ক্রমিক নং	বিষয়সহ কর্মপরিকল্পনা	বাস্তবায়নে অগ্রগতি
	<p>(এমআরটি), ডিটিসিএ</p> <ul style="list-style-type: none"> ▪ প্রোগ্রামার, ডিটিসিএ ▪ ডেপুটি ট্রাফিক ইঞ্জিনিয়ার, ডিটিসিএ ▪ ডেপুটি ডিজাইন ইঞ্জিনিয়ার, ডিটিসিএ ▪ সহকারী জিআইএস এনালিস্ট, ডিটিসিএ 	<p>আবাসিক এলাকার প্রবেশ পথ ইত্যাদি বিষয় নক্সা করার সময় বিবেচনায় রাখতে হবে।</p> <p>৫। সামগ্রিকভাবে ইনার রিং রোডটি সংশোধিত কৌশলগত পরিবহন পরিকল্পনা (২০১৬-৩৫) অনুযায়ী আরবান হাইওয়ে হিসেবে সুপারিশ করা হয়েছে। ফলে সড়কটিতে একই সাথে Accessibility ও Mobility থাকতে হবে এবং একই সাথে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে যেন এটি স্থানীয় পথচারী চলাচলকে এবং নৌ চলাচলকে বাধাগ্রস্ত না করে। এছাড়াও লক্ষ্য রাখতে হবে যেন পরিবেশগত ভারসাম্য ক্ষতিগ্রস্ত না হয় বিশেষত নিচু (বন্যা প্রবন/Flood Plain) এলাকায়। ফলে যেসব স্থানে প্রয়োজন সে সকল স্থানে এলিভেটেড করা যেতে পারে। তবে Accessibility বিবেচনায় নিয়ে যথা সম্ভব At Grade- এ নির্মাণ করা প্রয়োজন, এতে নির্মাণ সাশ্রয়ী হবে।</p>
০৩	<p>আরএসটিপিভুক্ত রিং রোডসমূহের বাস্তবায়ন বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে আলোচনা সভা।</p>	<p>ডিটিসিএ'র আওতায় বাস্তবায়নাধীন “Feasibility Study on Dhaka Outer Ring Road: Eastern, Western and Northern Part” শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টয়ারিং কমিটি (পিএসসি) সভার সিদ্ধান্ত অনুসারে বর্ণিত প্রকল্পের এলাইনমেন্ট সরেজমিনে পরিদর্শন করে পর্যালোচনার নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ, রাজউক, পরামর্শক ও প্রকল্প পরিচালকের সমন্বয়ে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের নির্দেশনা দেয়া হয়। উক্ত কমিটি প্রকল্প এলাকা তথা প্রস্তাবিত ঢাকা আউটার রিং রোড এর এলাইনমেন্ট সরেজমিনে পরিদর্শন করে প্রস্তাবিত এলাইনমেন্টের বর্তমান অবস্থা ও এর যথার্থতা যাচাই করে প্রতিবেদন পেশ করেন।</p> <p>উক্ত কমিটি সরেজমিনে পরিদর্শন করে নিম্নবর্ণিত বিষয়সমূহ সুপারিশ করেন:</p> <ol style="list-style-type: none"> ১. ঢাকা আউটার রিং রোডের এলাইনমেন্ট নির্ধারণে সংরক্ষিত জলাধার, বনাঞ্চল ইত্যাদি যথাসম্ভব পরিহার করতে হবে। ২. এলাইনমেন্ট নির্ধারণে যথাসম্ভব বিল্ডআপ এলাকা পরিহার করতে হবে যাতে প্রকল্পের বাস্তবায়ন ব্যয় যৌক্তিক হয়। ৩. আউটার রিং রোডের নির্মাণ ব্যয় যথাসম্ভব কম রাখতে অধিক মূল্যবান জমি অধিগ্রহণের চেয়ে অপেক্ষাকৃত কম মূল্যের জমি অধিগ্রহণের বিষয়টি বিবেচনায় নিতে হবে। ৪. আউটার রিং রোডের এলাইনমেন্ট যথাসম্ভব মিডল রিং রোড হতে যৌক্তিকভাবে পর্যাপ্ত দূরত্ব বজায় রেখে নির্ধারণ করতে হবে। ৫. ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হওয়ার পরপরই জিওবি অর্থায়নে ভূমি অধিগ্রহণ কার্যক্রম শুরু করতে হবে এবং জিওবি অর্থায়নে

ক্রমিক নং	বিষয়সহ কর্মপরিকল্পনা	বাস্তবায়নে অগ্রগতি
		ফেজ বাই ফেজ প্রকল্প বাস্তবায়নের কাজ সম্পাদন করা যেতে পারে।
০৪	বিআরটি লাইন-৩ এর এলাইনমেন্ট ও নির্মাণাধীন স্টপেজসমূহ সরেজমিনে পরিদর্শন।	১৯/০৩/২০২৪ তারিখে বিআরটি লাইন-৩ এর এলাইনমেন্ট ও নির্মাণাধীন স্টপেজসমূহ সরেজমিনে পরিদর্শন করা হয় এবং উক্ত পরিদর্শনের প্রতিবেদন দাখিল করা হয়।
০৫	বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তাবিত মাল্টিমোডাল হাব এর বাস্তবায়ন অগ্রগতি ও সমন্বয় বিষয়ক সভা।	গত ১১/০৯/২০২৪ খ্রিঃ তারিখে ডিটিসিএ'তে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তাবিত মাল্টিমোডাল হাব এর বাস্তবায়ন অগ্রগতি ও সমন্বয় বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় পরামর্শক প্রতিষ্ঠান কাজিমা কর্পোরেশন কর্তৃক উপস্থাপনা প্রদান করা হয়। প্রস্তাবিত মাল্টিমোডাল হাবের ডিজাইন ও বাস্তবায়ন পরিকল্পনা বিষয়ে আলোচনা হয় ও সভায় সদস্যগণ মতামত প্রদান করেন।

১৫। ট্রাফিক ম্যানেজমেন্ট কমিটি

২০২৩-২৪ অর্থবছরে ট্রাফিক ম্যানেজমেন্ট কমিটির ০১টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ সকল সভায় ঢাকা মহানগরীর ইন্টারসেকশনসমূহের ব্যবস্থাপনা উন্নয়ন, ফুটপাথের অবৈধ দখল মুক্তকরণ, অবৈধ যানবাহন চলাচল বন্ধে অগ্রগতি, ব্লক ভিত্তিক রিক্সা চলাচলের অগ্রগতি, সিগন্যালিং সিস্টেম স্থাপন, উন্নয়ন প্রকল্প চলাকালীন এবং ইউটিলিটি সার্ভিস স্থাপন ও মেরামতকালীন সময়ে ট্রাফিক ব্যবস্থাপনা, ঢাকা মহানগরীর সার্বিক ট্রাফিক ব্যবস্থাপনা, পরিবহন সেক্টর হতে উদ্ভূত পরিবেশ দূষণ ইত্যাদি বিষয়ে সকল অংশীজনের সাথে আলোচনা করা হয় এবং ডিটিসিএ'র পক্ষ হতে এ সকল তথ্যাদি ও প্রতিবেদন সংরক্ষণ করা হয়। টিএমসি কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণের জন্য একটি টিম গঠন করা হয়েছে। উক্ত টিম বিভিন্ন সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য সরেজমিনে পরিদর্শন করে থাকেন।


১৬। জাতীয় শুদ্ধাচার কৌশল

সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে ডিটিসিএ'র শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের নির্ধারিত কর্মপরিকল্পনার সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ-বছরে শুদ্ধাচার চর্চার জন্য ডিটিসিএ'র ০৬ (ছয়) জন কর্মচারিকে পুরস্কার প্রদান করা হয়েছে। শুদ্ধাচার বিষয়ে ডিটিসিএ'র শ্লোগান হল “সুপারিকল্পিত পরিবহন ব্যবস্থা টেকসই উন্নয়নের পূর্বশর্ত।”

১৭। র‍্যাপিড পাস

ক্লিয়ারিং হাউজ প্রতিষ্ঠাঃ

গণপরিবহনে সমন্বিত ই-টিকেটিং (One Card for all Transport) ব্যবস্থা প্রবর্তন ও ভাড়া আদায়ের লক্ষ্যে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক স্মার্ট কার্ড Rapid Pass প্রচলন করা হয়েছে। জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) এর কারিগরি সহযোগিতায় Automatic Fare Collection System প্রচলন ও Fare Collection System Integration করার লক্ষ্যে ডিটিসিএ-তে Clearing House স্থাপন করা হয়েছে। ৪ জানুয়ারি ২০১৮ তারিখ Rapid Pass এর উদ্বোধন করা হয়। মেট্রোরেল লাইন-৬ চালুর প্রথম দিন থেকে Rapid Pass কার্ড এর মাধ্যমে মেট্রোরেল এর ভাড়া আদায় এবং সেটেলমেন্ট করা হচ্ছে।



Rapid Pass

গত ০১ নভেম্বর ২০২৩ তারিখ হতে উত্তরা (হাউজ বিল্ডিং) থেকে দিয়াবাড়ি এমআরটি স্টেশন পর্যন্ত বিআরটিসি কর্তৃক পরিচালিত শাটল সার্ভিসে Rapid Pass এর মাধ্যমে ভাড়া আদায় শুরু হয়েছে। গত ২০ মার্চ, ২০২৪ তারিখে ঢাকা-নারায়ণগঞ্জ রুটে বিআরটিসি বাসে Rapid Pass চালুর কার্যক্রম এর শুভ উদ্বোধন করেন জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর ক্লিয়ারিং হাউজ Server Migration এবং AFC Bus Validator & Handy POS System Development এর জন্য DataSoft Systems of Bangladesh Limited এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়।

ভিশন-২০৪১ অর্জন:

তাৎক্ষনিক স্বল্পমেয়াদি (Immediate Short-Term) (ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)	স্বল্পমেয়াদী (Short-Term) (জানুয়ারী'২৪-ডিসেম্বর'২৪)	মধ্যমেয়াদী (Mid-Term) (জানুয়ারী'২৫-ডিসেম্বর'৩০)	দীর্ঘমেয়াদী (Long Term) (জানুয়ারী'৩১-ডিসেম্বর'৪১)
১) মেট্রোরেল লাইন-৬ এবং বিআরটিসি বাস সার্ভিসে Rapid Pass প্রচলন।	১) ঢাকা বিআরটিসি-তে Rapid Pass কার্ড চালু করার লক্ষ্যে ইন্টিগ্রেশন। ২) Rapid Pass কার্ড এর অনলাইন টপ-আপ চালুকরণ।	১) Special Purpose Company (SPC) গঠন। ২) মেট্রোরেল লাইন-১ এর সাথে ইন্টিগ্রেশন এবং মেট্রোরেল লাইন-১ এ Rapid Pass চালুকরণ। ৩) Rapid Pass কার্ড দিয়ে টোল সংগ্রহ। ৪) নৌ পথে Rapid Pass প্রচলন। ৫) ঢাকা সিটির সকল বাস সার্ভিস, সিএনজিচালিত যানসহ সকল Ride Sharing সার্ভিস (যেমন উবার, পাঠাও, ভাড়াই চালিত মোটর সার্ভিস) এ Rapid Pass প্রচলন। ৬) রেলপথসহ আন্তঃজেলা বাস সার্ভিসে Rapid Pass ব্যবহারের উদ্যোগ গ্রহণ।	১) পর্যায়ক্রমে দেশের অন্যান্য মেট্রোরেলের Rapid Pass চালুকরণ। ২) E-Money ৩) দেশের সকল এলাকার সকল পরিবহনে ভাড়া আদায়ে Rapid Pass চালুকরণ। ৪) ইউটিলিটি সেক্টরে এবং শপিং-সেন্টারে মূল্য পরিশোধে Rapid Pass ব্যবহার।

একটি টেকসই (Sustainable) ই-টিকেটিং সিস্টেম প্রতিষ্ঠার লক্ষ্যে ভবিষ্যতে Transport Clearing House পরিচালনা, সম্প্রসারণ এবং Rapid Pass কার্ড এর বহুবিধ ব্যবহার (ইউটিলিটি বিল পরিশোধ, টোল পরিশোধ, সুপার মার্কেটের ব্যবহার ছাত্র-ছাত্রীদের বেতন পরিশোধ ইত্যাদি) বৃদ্ধির লক্ষ্যে ক্লিয়ারিং হাউজ প্রকল্প ফেইজ-২ এর আওতায় Special Purpose Company (SPC) গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ভবিষ্যতে বিভিন্ন MRT লাইনসহ, রেলওয়ে, BIWTC,

সরকারি/বেসরকারি বাস ইত্যাদি গণপরিবহনসমূহকে একটি সুষ্ঠু সমন্বিত ই-টিকেটিং প্ল্যাটফর্মে নিয়ে আসা সম্ভব হবে। বিভিন্ন গণপরিবহনে যাত্রীগণ Rapid Pass ব্যবহার করে ঝামেলাবিহীন, ক্যাশলেস ট্রানজেকশন এর মাধ্যমে ভাড়া পরিশোধ করতে পারবে। ফলে পরিবহন ক্ষেত্রে সেবা প্রদানের মান উন্নয়ন হবে। তাছাড়া Rapid Pass কার্ড এর মাধ্যমে ভাড়া আদায় এর ফলে যে OD (Origination Destination) Big Data তৈরি হবে তা ব্যবহার করে বাস্তবসম্মত, কৌশলগত Urban Transport পরিবহন পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব হবে। এ কার্ড স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনোমি , স্মার্ট সোসাইটি বাস্তবায়নসহ ভিশন ২০৪১ অর্জনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।


১৮। ট্রাফিক সচেতনতামূলক প্রচার অভিযান:

সড়ক নিরাপত্তা ও ট্রাফিক আইন সংক্রান্ত কার্যক্রমঃ

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর ট্রাফিক এনফোর্সমেন্ট শাখা কর্তৃক, শিক্ষা প্রতিষ্ঠানে সড়ক নিরাপত্তা ও ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মোট দুটি কর্মশালা আয়োজন করা হয়। গত ২৩ জানুয়ারি ২০২৪ তারিখে শহীদ পুলিশ স্মৃতি কলেজ, মিরপুর-১৪ এবং ২৪ জুন ২০২৪ তারিখে এসওএস হারম্যান মেইনার কলেজ, ঢাকায় সড়ক নিরাপত্তা ও ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়।



সড়ক নিরাপত্তা ও ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি বিষয়ক কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থী



ট্রাফিক আইন ও সড়ক ব্যবহারে সচেতনতা সৃষ্টি

ট্রাফিক নিয়ম মেনে চলা একটি অভ্যাস!
এই অভ্যাস গড়ে তুলি



ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

চিত্রঃ ট্রাফিক আইন ও সড়ক ব্যবহারে সচেতনতা সৃষ্টি

সড়ক নিরাপত্তা ও আমাদের করণীয়	শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের করণীয়
<p>সড়ক নিরাপত্তা সড়ক ব্যবহারকারীদের সড়ক দুর্ঘটনার কবল থেকে রক্ষার জন্য গৃহীত ব্যবস্থাই সড়ক নিরাপত্তা। সড়ক ব্যবহারকারী বলতে পথচারী, যানবাহনের যাত্রী তথা যারা সড়ক ব্যবহার করেন তাদের বোঝায়।</p> <p>SDG লক্ষ্যমাত্রা সড়ক নিরাপত্তা SDG এর লক্ষ্য ৩.৬ অনুযায়ী ২০২০ সালের মধ্যে সড়ক দুর্ঘটনার হতাহতের সংখ্যা অর্ধেক নামিয়ে আনার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। SDG এর টার্গেট ১১.২ অনুযায়ী শিশু ও নারীদের জন্য বিশেষ গুরুত্ব দিয়ে সড়ক নিরাপত্তা বৃদ্ধিকরণ ও সকলের জন্য টেকসই পরিবহন ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।</p> <p>চালকদের করণীয় ক্রম/পন্থা/দেশান্তর অবস্থায় গাড়ি চালনা থেকে নিজেকে বিরত রাখি।</p> <ul style="list-style-type: none"> ট্রাফিক আইন,সাইন-সিগন্যাল মেনে চলি। গাড়ি চালানোর সময় মোবাইল ফোন ব্যবহার করা থেকে বিরত থাকি। রেল ক্রসিং/সেতলে ক্রসিং পারাপারে সতর্কতা অবলম্বন করি। মুক্তিপূর্ণ ভক্তিরটেকিং করা থেকে বিরত থাকি। ড্রাইভিং লাইসেন্স ও হালনাগাদ প্রয়োজনীয় কাগজপত্র সাথে রাখি। উদ্যোগ এবং ঘন ঘন শেইন পরিবর্তন পরিহার করি। নির্দিষ্ট বাস স্টপেজ ব্যবহার করি। যাত্রতর পারাপার পরিহার করি। নির্দিষ্ট বাস স্টপেজ ব্যবহার করি। যাত্রতর পারাপার পরিহার করি। চল গাড়িতে ওঠা-নামা পরিহার করি। সর্বোচ্চ গতিসীমার উপরে ও মুক্তিপূর্ণ চলাচলে চালককে নিরুৎসাহিত করি। সহযাত্রী নারী,শিশু,বৃদ্ধ,প্রতিবন্ধীদের নির্দিষ্ট আসনে বসতে সহায়তা করি। চল গাড়িতে ওঠা-নামা পরিহার করি। ট্রাফিক আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করি। উদ্যোগে যানবাহন চলাচল বন্ধ করি। 	<p>শিক্ষা প্রতিষ্ঠানের করণীয়</p> <ul style="list-style-type: none"> প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের Traffic Circulation Plan প্রস্তুত করতে হবে। Traffic Circulation Plan মোটামুটি বোর্ডে/প্রকাশ্য স্থানে টানিয়ে রাখা এবং এ সম্পর্কে সবাইকে অবগত করা। শিক্ষক/কর্মচারীদের সহায়তায় দিনের শুরু এবং শেষে প্রতিষ্ঠানে প্রবেশ এবং বের হওয়ার সময় শিক্ষার্থীরা এই নির্দেশনা অনুসরণ করছে কি না তা নিশ্চিত করা। প্রতিমাসে ১ দিন রাজ্য পারাপারের মহড়া অনুষ্ঠান করা যেতে পারে। এ কর্ণপত্রিকল্পনায় সর্বেশিষ্ট এলাকার ট্রাফিক পুলিশের সহযোগিতা নেয়া যেতে পারে। <p>শিক্ষার্থীদের করণীয়</p> <ul style="list-style-type: none"> ফুটপাথ দিয়ে হাঁটার অভ্যাস করি। ফুটপাথ না থাকলে সড়কের ডানদিকের ধাপ্ত ধরে হাঁটি। জেরা ক্রসিং/নির্ধারিত স্থান দিয়ে সড়ক পার হই। সামনে, ডানে ও বামদিকে লক্ষ্য করে সড়ক পার হই। সড়ক পার হওয়ার সময় না দৌড়াই। হাঁটার সময় ধাক্কাধাক্কি না করি এবং বন্ধুদের সাথে কথা বলতে গিয়ে অন্যান্য না হই। সড়ক পার হওয়ার সময় যানবাহন খামা পর্ন্ত অপেক্ষা করি এবং শেষ মুহূর্ত পর্ন্ত যানবাহনের হ্রতি নজর রাখি। নির্ধারিত স্থানে বাসে ওঠানামা করি। চল গাড়িতে ওঠা-নামা পরিহার করি। রেলক্রসিং/ সেতলে ক্রসিং পারাপারে সতর্কতা অবলম্বন করি। সড়ক পারাপারের সময় মোবাইল ফোনে কথা না বলি এবং হেডফোন ব্যবহার করা থেকে বিরত থাকি। যানবাহনের জালাদার/সরকার বাইরে হাত/মাথা না রাখি। ট্রাফিক আইন সম্পর্কে জানি এবং বন্ধুদের জানাই।
<p>পথচারীদের করণীয়</p> <ul style="list-style-type: none"> নির্দিষ্ট বাস স্টপেজ ব্যবহার করি। যাত্রতর পারাপার পরিহার করি। 	<p>যাত্রীদের করণীয়</p> <ul style="list-style-type: none"> যানবাহনে মুক্তিপূর্ণ (মেনন ছাউনের উপর) অমন হতে বিরত থাকি। সর্বোচ্চ গতিসীমার উপরে ও মুক্তিপূর্ণ চলাচলে চালককে নিরুৎসাহিত করি। সহযাত্রী নারী,শিশু,বৃদ্ধ,প্রতিবন্ধীদের নির্দিষ্ট আসনে বসতে সহায়তা করি।
<p>পরিবহন মালিকদের করণীয়</p> <ul style="list-style-type: none"> নির্ধারিত জাতীয় অতিরিক্ত আদায় না করি। সং রুটের বাস/ট্রাক দু'জন চালকের ব্যবস্থা রাখি। যানবাহনের ছাদে যাত্রী বহন করা থেকে বিরত থাকি। চালকের সুস্থতা নিশ্চিত করি। 	<p>হাইওয়ে/ট্রাফিক পুলিশের করণীয়</p> <ul style="list-style-type: none"> হাইওয়েতে প্রি হুইলার চলাচল বন্ধ নিশ্চিত করি। সড়ক নিরাপত্তা সর্বেশিষ্ট আইন প্রতিপালন নিশ্চিত করি। ট্রাফিক আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করি। উদ্যোগে যানবাহন চলাচল বন্ধ করি।

চিত্রঃ ট্রাফিক আইন সম্পর্কে স্কুল শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিতরণকৃত লিফলেট

১৯। চলমান প্রকল্প (২০২৩-২০২৪)

০১। Feasibility Study on Dhaka Outer Ring Road শীর্ষক প্রকল্পঃ

১৩৫৮.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০২০ হতে ডিসেম্বর ২০২৩ (সংশোধিত) মেয়াদে ফিজিবিলিটি স্টাডি অন ঢাকা আউটার রিং রোডঃ ইন্টার্ন, ওয়েস্টার্ন এন্ড নর্দান পার্ট প্রকল্প সমাপ্ত হয়েছে।

০২। Preparation of Coimprehensive Transport Master Plan for Narayanganj and Gazipur City Corporation শীর্ষক প্রকল্পঃ

নারায়ণগঞ্জ এবং গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় ভবিষ্যতে ট্রাফিক বৃদ্ধি বিবেচনায় যথাযথ, কার্যকর, দক্ষ ও নিরাপদ সুশৃঙ্খল নগর পরিবহন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে ৪১৬১ ৭৯.কোটি টাকা ব্যয়ে সেপ্টেম্বর ২০২১ হতে আগস্ট ২০২৫ (বর্ধিত মেয়াদ) “Preparation of Comprehensive Transport Master Plan For Narayanganj and Gazipur City Corporation” শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন আছে। এ প্রকল্পের আওতায় ২০ বছর মেয়াদী ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান তৈরী করা হবে। এছাড়াও, পাবলিক ট্রানজিট নেটওয়ার্কের প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় মাস্টার প্ল্যান মাল্টিমোডাল হাবের ধারণামূলক নকশা প্রণয়ন করা হবে। একইসাথে গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার মাস্টার প্লানে ট্রাক টার্মিনালের প্রাক সম্ভাব্যতা যাচাই ও ধারণা নকশা প্রণয়ন করা হবে। । প্রকল্পটি দুটি প্যাকেজে ভাগ করা হয়েছে S1 ও S2 প্যাকেজ। ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের আর্থিক অগ্রগতি প্রায় ১৯.৩৬ শতাংশ।

- S1 প্যাকেজে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের জন্য ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান, ম্যাস ট্রান্সিট এর ফিজিবিলিটি স্টাডি ও মাল্টি মোডাল হাব এর কন্সেপচুয়াল ডিজাইন তৈরি করার লক্ষ্যে গত ২৩ মার্চ ২০২৩খ্রি :তারিখে Consulting Service Provider (Firm) প্রতিষ্ঠান ACE Consultant Ltd. (Lead Firm) ও তার সহযোগী প্রতিষ্ঠান এর সহিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এরপর গত ০৭ মে ২০২৩ তারিখে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Monthly Progress Report জমা করেন এবং গত ০৮ মে ২০২৩ তারিখে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Inception Report (Draft) জমা হয়। গত ২৮ মে ২০২৩ তারিখে Inception Report (Draft) এর উপর Advisory Group Member এবং DTCA এর প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা অনুষ্ঠিত হয়। Inception Report (Draft) এর উপর গত ১৭ জুলাই ২০২৩ তারিখে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এবং প্রকল্পের সার্ভে সহ অন্যান্য কাজ চলমান রয়েছে।

- S2 প্যাকেজে গাজীপুর সিটি কর্পোরেশনের জন্য ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান, ম্যাস ট্রান্সিট সিস্টেম এর প্রি ফিজিবিলিটি স্টাডি ও ট্রাক টার্মিনাল এর ফিজিবিলিটি স্টাডি ও কন্সেপচুয়াল ডিজাইন তৈরি করার লক্ষ্যে গত ০৫ জুলাই, ২০২৩ তারিখে Consulting Service Provider (Firm) প্রতিষ্ঠান Development Design Consultants Limited (Lead Firm) ও তার সহযোগী প্রতিষ্ঠান এর সহিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এরপর গত ২১ আগস্ট, ২০২৩খ্রি: তারিখে Kick-off Meeting অনুষ্ঠিত হয়। ইতোমধ্যে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Monthly Progress Report জমা করা হয়েছে এবং Inception Report (Draft) এর কাজ চলমান রয়েছে।



চিত্র: S2 প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান এর সহিত Kick Off Meeting

০৩। Transport Master Plan and Preliminary Feasibility Study for Urban Metro Rail Transit Construction of Chattogram Metropolitan Area Project শীর্ষক প্রকল্পঃ

চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার পরিবহন মাস্টার প্ল্যান তৈরি, পরিবেশবান্ধব আরবান মেট্রো সিস্টেম নির্মাণ, যানজট নিরসন, পরিবেশ এবং জীবনযাত্রার মান উন্নয়ন এবং সড়ক ও যানবাহন ব্যবস্থাপনার ক্ষেত্রে ডিটিসিএ, সিডিএ, সিসিসি এবং সিপিএ এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে 'ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান এন্ড প্রিলিমিনারী ফিজিবিলিটি স্টাডি ফর আরবান মেট্রোরেল ট্রানজিট কন্সট্রাকশন অফ চট্টগ্রাম মেট্রোপলিটন এরিয়া' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি ৭০৬২) ৫৮ লক্ষ টাকা (জিওবি ১৩৬২) ৫৮ লক্ষ টাকা এবং পিএ.কোইকা (৫৭০০.০০ লক্ষ টাকা (ব্যয়ে জানুয়ারি, ২০২৩ থেকে জুন, ২০২৫ মেয়াদে বাস্তবায়ন করা হবে। প্রকল্পের বৈদেশিক সহায়তাকারী সংস্থা KOICA ইতোমধ্যে উক্ত প্রকল্পের Consultancy Service এর আওতায় Consultant Firm নিয়োগসহ বিভিন্ন ধরনের ডাটা কালেকশন ও সার্ভের কাজ শুরু করেছে।

০৪। Preparation of Concept Design & Implementation Plan for Bus Route Rationalization and Company Based Operation of Bus Service in Dhaka শীর্ষক প্রকল্পঃ

বাস রুট রেশনালাইজেশন প্রকল্পের খসড়া Inception Report, প্রাথমিক GIS Database and Maps ও Pilot Traffic and Public Transport Survey Report দাখিল করা হয়েছে। Inception Report এর উপরে অভ্যন্তরীণ

কর্মশালা গত ০২/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ট্রাফিক সার্ভে ও সেকেন্ডারি ডেটা কালেকশন কার্যক্রমের উপর গত ২৯/০৪/২০২৪ তারিখ কর্মশালা অনুষ্ঠিত হয়।

এর প্রেক্ষিতে গত ২১/০৪/২০২৪ হতে ৩০/০৪/২০২৪ তারিখ পর্যন্ত ঢাকা মহানগরীর গুলশান ও মহাখালী এলাকা এবং ২১ নং পাইলট রুটে পাইলট সার্ভে সম্পন্ন হয়। পাইলট সার্ভের প্রস্তুতিমূলক কার্যক্রম হিসেবে গত ২০/০৪/২০২৪ তারিখ জরিপকারীদের সাথে একটি সেমিনার এবং গত ২৯/০৬/২০২৪ তারিখ একটি Feedback কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গত ২৯/০৪/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে বাস রুট রেশনালাইজেশন শীর্ষক প্রকল্পের ট্রাফিক সার্ভে ও সেকেন্ডারি ডেটা কালেকশন বিষয়ক একটি কর্মশালা ডিটিসিএ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় ডিটিসিএ'র সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ছাড়াও বিআরটিএ, বিআরটিসি, সওজ, বাংলাদেশ রেলওয়ে, ডিএমপি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, বুয়েট, এআরআই সহ অন্যান্য বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।



চিত্রঃ বাস রুট রেশনালাইজেশন শীর্ষক প্রকল্পের ট্রাফিক সার্ভে ও সেকেন্ডারি ডেটা কালেকশন বিষয়ক কর্মশালা

ট্রাফিক সার্ভে ও সেকেন্ডারি ডেটা কালেকশন কার্যক্রমের উপর গত ১২/০৬/২০২৪ ও ৩০/০৬/২০২৪ তারিখ যথাক্রমে কারিগরী পেশাজীবী সংগঠনসমূহ (IEB, IAB ও BIP) এবং বিশেষজ্ঞ ও সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকগণের উপস্থিতিতে Dissemination Seminar অনুষ্ঠিত হয়।

আগামী অক্টোবর, ২০২৪ মাসে প্রকল্পের ট্রাফিক সার্ভে করা হবে। নভেম্বর, ২০২৪ এর শেষ সপ্তাহে Draft Final Report ও ডিসেম্বর, ২০২৪ এর শেষ সপ্তাহে Final Report দাখিল করা হবে। ২০২৩-২৪ অর্থবছরে আর্থিক অগ্রগতি =৮২% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি =২১%।

০৫। Mid Term Review and Updating Revised Strategic Transport Plan for DTCA Area (MTR-RSTP) শীর্ষক প্রকল্পঃ

ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার জন্য পরিকল্পিত ও সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ঢাকা পরিবহন ২০১৬ হলে সংশোধিত Strategic Transport Plan (STP) প্রণয়ন করা হয়। বর্তমান ট্রাফিক চাহিদার ভিত্তিতে নতুন করে পরিবহন অবকাঠামো তৈরির লক্ষ্যে আরএসটিপি হালনাগাদ করার উদ্দেশ্যে "Mid Term Review and Updating of Revised Strategic Transport Plan for DICA Area (MTR-RSTP)" শীর্ষক প্রকল্প ১০ জানুয়ারি ২০২২ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পের সকল জরীপ কার্যক্রম সম্পন্ন হয়েছে। পরামর্শক Interim Report 2 দাখিল করেছে। প্রকল্পের পিএ খাতের অধীন বৈদেশিক ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রকল্পের মেয়াদ প্রকল্পের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে (ডিসেম্বর ২০২১-জুন ২০২৫)। প্রকল্পের টিএপিপি সংশোধনের কাজ চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের আর্থিক অগ্রগতি লক্ষ্যমাত্রার প্রায় ৯৮ শতাংশ। প্রকল্পের ক্রমপুঞ্জিত মোট অগ্রগতি প্রায় ৩২.৮ শতাংশ।



ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক আয়োজিত 'মিড-টার্ম রিভিউ অ্যান্ড আপডেটিং অব রিভাইজড স্ট্র্যাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান ফর ডিটিসিএ এরিয়া' শীর্ষক প্রকল্পের আওতায় ৭ দিনব্যাপী সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচি

সম্পন্ন হয়। রাজধানীর ইস্কাটনে অবস্থিত বিআইএএম ফাউন্ডেশনে গত ২৮ জানুয়ারি থেকে ৩ ফেব্রুয়ারি পর্যন্ত এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এর আগে গত ২৮ জানুয়ারি অনুষ্ঠিত এ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এবিএম আমিন উল্লাহ নূরী।

প্রশিক্ষণ কর্মসূচিতে ডিটিসিএ থেকে ১৭ জন অংশগ্রহণ করেছিলেন। প্রশিক্ষণে ডিটিসিএ ছাড়াও রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), সড়ক ও জনপথ অধিদফতর, ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি), ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বিবিএ) ও বাংলাদেশ রেলওয়েসহ অন্যান্য সংস্থার প্রতিনিধিরা অংশ নেন।



চিত্রঃ MTR-RSTP প্রকল্পের ৭ দিন ব্যাপী প্রশিক্ষণে উপস্থিত প্রশিক্ষণার্থী



চিত্রঃ MTR-RSTP প্রকল্পের ৭ দিন ব্যাপী প্রশিক্ষণের কার্যক্রম

৬। “Establishment of Clearing House for Integrating Transport Ticketing System in Dhaka City and Adjacent Districts (Phase-II)”

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক জিওবি এবং JICA এর আর্থিক ও কারিগরি সহায়তায় বাস্তবায়নাত্মক “Establishment of Clearing House for Integrating Transport Ticketing System in Dhaka City and Adjacent Districts (Phase-II)” শীর্ষক প্রকল্পের TAPP গত ১৩ জানুয়ারি, ২০২২ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় হতে অনুমোদিত হয়। গত ১৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৮৩৮৭.১০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি অর্থায়ন ৫৩৯৯.৫৬ লক্ষ টাকা এবং জাইকা অর্থায়ন ২৯৮৭.৫৪ লক্ষ টাকা।

ইতোমধ্যে, প্রকল্পের আওতায় ডিটিসিএ'র ক্লিয়ারিং হাউজ সিস্টেমের সাথে মেট্রোরেল লাইন-৬ এর সিস্টেম ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। Rapid Pass/MRT Pass কার্ড এর মাধ্যমে মেট্রোরেল লাইন-৬ এর ভাড়া আদায় করা হচ্ছে এবং ডিটিসিএ'র ক্লিয়ারিং হাউজ সিস্টেমের মাধ্যমে মেট্রোরেল লাইন-৬ এর আদায়কৃত ভাড়া সেটেলমেন্ট করা হচ্ছে। Rapid Pass কার্ড এর মাধ্যমে বিআরটিসি বাস, ডিবিআরটি এবং অন্যান্য বেসরকারি বাসের ভাড়া আদায় এবং সেটেলমেন্ট করা হবে। ইতোমধ্যে ডিবিআরটি-র সাথে ভাড়া আদায় এবং সেটেলমেন্টের লক্ষ্যে MoU স্বাক্ষরিত হয়েছে।

বিভিন্ন গণপরিবহনে যাত্রীগণ Rapid Pass ব্যবহার করে ঝামেলা বিহীন, Cashless Transaction এর মাধ্যমে ভাড়া পরিশোধ করতে পারবেন। ভবিষ্যতে Rapid Pass কার্ড টোল আদায় এবং পার্কিং ফি প্রদানের ব্যবস্থাসহ বিভিন্ন দ্রব্যসামগ্রী ক্রয়ের কাজেও ব্যবহার করা যাবে। তাছাড়া Rapid Pass কার্ড এর মাধ্যমে ভাড়া আদায় এর ফলে যে Origination ও Destination (OD), OD Data তৈরি হবে তা ব্যবহার করে বাস্তবসম্মত ও কৌশলগত Urban Transport পরিকল্পনা করা সহজ হবে। ফলশ্রুতিতে পরিবহন সেক্টরে ডিজিটাল সেবা প্রদানের মান উন্নয়ন হবে ও 'স্মার্ট বাংলাদেশ ২০৪১' স্বপ্ন বাস্তবায়নে Rapid Pass উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

গণপরিবহনের ভাড়া আদায় এবং অন্যান্য ব্যবহারের জন্য Rapid Pass এর বহুমুখী ব্যবহারসহ স্ব-নির্ভর ও যুগপোযোগী ক্লিয়ারিং হাউজ প্রতিষ্ঠার জন্য একটি Special Purpose Company (SPC) গঠনের কার্যক্রম চলমান রয়েছে। সে লক্ষ্যে ইতোমধ্যে ০৫টি প্রতিষ্ঠানকে সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হয়েছে। খুব শীঘ্রই সংক্ষিপ্ত তালিকাভুক্ত ০৫ টি প্রতিষ্ঠানের অনুকূলে Request for Proposal (RFP) ইস্যু করা হবে।

প্রকল্পের সার্ভিস প্যাকেজ এর আওতায় গণপরিবহনের জন্য 'Bus Validator System' এবং 'Ticket Office Machine (ToM) System' ডেভেলপমেন্টের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের জন্য আগ্রহব্যক্তকরণ পত্র (EoI) মূল্যায়নের কাজ চলমান রয়েছে। খুব শীঘ্রই সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহে Request for Proposal (RFP) ইস্যু করা হবে। প্রকল্পের পন্য প্যাকেজ এর আওতায় 'Rapid Pass Card' ও 'Secure Access Module (SAM)' কার্ড ক্রয় কার্যক্রমের দরপত্র মূল্যায়ন সর্বশেষ পর্যায়ে রয়েছে। খুব শীঘ্রই নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদানের নোটিশ (NoA) প্রদান করা হবে।



গণবিজ্ঞপ্তি



র‍্যাপিড পাস ব্যবহার করি,
স্মার্ট বাংলাদেশ গড়ি।




জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

- ১। গণপরিবহনে সমন্বিত ই-টিকেটিং ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে ভাড়া আদায় সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে "সকল গণপরিবহনে এক কার্ড (One Card for All Transport)" চালুর জন্য মাননীয় প্রধানমন্ত্রী ২০১৮ সালে র‍্যাপিড পাস কার্ড উদ্বোধন করেন।
- ২। মেট্রোরেলের ভাড়া পরিশোধ করার জন্য বর্তমানে র‍্যাপিড পাস কার্ড ব্যবহার হচ্ছে।
- ৩। ডবিষাতে একটি মাত্র র‍্যাপিড পাস কার্ড ব্যবহার করে সকল গণপরিবহনের (যেমন: বাস, ট্রেন, নৌযান, সিএনজি, ট্যাক্সি প্রভৃতি যানবাহনের) ভাড়া পরিশোধ, পার্কিং ফি এবং টোল পরিশোধ করা যাবে।
- ৪। র‍্যাপিড পাস কার্ড সরকার স্বীকৃত একমাত্র স্মার্ট কার্ড যার মাধ্যমে সকল গণপরিবহনের ভাড়া পরিশোধ করা যাবে।
- ৫। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অন্যতম উপাদান হলো গণপরিবহনের ভাড়া পরিশোধে (স্মার্ট কার্ড) র‍্যাপিড পাসের ব্যবহার।
- ৬। র‍্যাপিড পাস ব্যবহারে অর্ধতি টাকা-পয়সার ঝামেলা নেই, সরকার নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া নেয়ার সুযোগ নেই।
- ৭। যাত্রী সাধারণকে টিকেট ক্রয়ের জন্য লাইনে দাঁড়ানোর প্রয়োজন নেই।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন- www.rapidpass.com.bd

প্রচারে- ক্লিমারিং হাউজ (ফেইজ-২) প্রকল্প, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

০৭। বাস রুট রেশনালাইজেশন:

স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন মারফত মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে আহ্বায়ক করে গত ০৯ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে ১০ সদস্য বিশিষ্ট 'ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন ও যানজট নিরসনে বাস রুট রেশনালাইজেশন ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন এবং এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় কমিটি' গঠন করা হয়। ডিটিসিএ এ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করে আসছে। ইতোমধ্যে কমিটি ২৭টি সভা করেছে এবং সর্বশেষ সভাটি অনুষ্ঠিত হয়েছে ০৯.০৫.২০২৩ তারিখ। এছাড়া নিয়মিত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হচ্ছে। ডিটিসিএ'র পরিদর্শন ও পরিবীক্ষন টিম নিয়মিতভাবে বাস রুট ফ্ল্যাক্সইজ পাইলট প্রক্রিয়া তদারকি করছে।

বাস রুট রেশনালাইজেশন

বাস রুট রেশনালাইজেশন বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিকভাবে ৯টি ক্লাস্টার (৯টি ভিন্ন ভিন্ন রঙের), ২২টি কোম্পানী ও ৪২টি রুটের প্রস্তাবনা দেয়া হয়েছে। এর মাঝে আরবান ক্লাস্টার (নগর পরিবহন) ৬টি (রুট ৩৪টি) ও সাব-আরবান (শহরতলী পরিবহন) ক্লাস্টার ৩টি (রুট ৮টি)।

পাইলটিং কার্যক্রম

সবুজ ক্লাস্টারে বর্তমানে চলমান মোট ৫৪টি রুটকে সমন্বয় করে ৮টি রুটে পরিণত করা হয়েছে যাদের রুট নং ২১ হতে ২৮। উল্লিখিত কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গত ২৬.১২.২০২১ তারিখে ২১ নং রুটের ঘাটারচর-মোহাম্মদপুর-জিগাতলা-প্রেসক্লাব-মতিঝিল-যাত্রাবাড়ী-কাঁচপুর নমুনা যাত্রাপথে “ঢাকা নগর পরিবহন” শীর্ষক বাস সেবা মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক শুভ উদ্বোধন করা হয়। উক্ত সেবায় প্রাথমিকভাবে বিআরটিসির প্রায় ৪০টি দ্বিতল বাস চলাচল করছে।

মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক গত ১৩.১০.২০২২ তারিখে বাস রুট ফ্র্যাঞ্চাইজ পাইলটিং-এর ২২ নং (ঘাটারচর-মোহাম্মদপুর-আসাদগেট-ফার্মগেট-শাহবাগ-কাকরাইল-মতিঝিল-টিকাটুলি-কাজলা-ডেমরা স্টাফ কোয়ার্টার) ও ২৬ নং (ঘাটারচর-মোহাম্মদপুর-আসাদগেট-কলাবাগান-সায়েন্সল্যাব-নিউমার্কেট-আজিমপুর-চানখারপুল-পোস্তগোলা-কদমতলী থানা) দুইটি রুটে ‘ঢাকা নগর পরিবহন’ শীর্ষক সবুজ রঙের বাস সেবা উদ্বোধন করা হয়েছে এবং এই কার্যক্রমে জনগণ বিপুল উৎসাহ উদ্দীপনার সাথে সাড়া প্রদান করেছে।





চিত্রঃ “ঢাকা নগর পরিবহন” এর ২২ ও ২৬ নং বাস রুট পাইলটিং এর শুভ উদ্বোধন অনুষ্ঠান

২২ নং রুটে অভি মোটরস কর্তৃক পরিচালিত ৫০টি ও ২৬ নং রুটে বিআরটিসি কর্তৃক পরিচালিত ৫০টি দ্বিতল বাস চলছে। পরবর্তীতে, ২৩ নং রুটে (ঘাটারচর-মোহাম্মদপুর-জাপান গার্ডেন-শ্যামলী-সায়োলগ্যাব-শাহবাগ-জিরো পয়েন্ট-দৈনিক বাংলা-রাজারবাগ-কমলাপুর-ধলপুর-শনির আখড়া-সাইনবোর্ড-কাঁচপুর) ১০০টি বাস চলাচল করবে মর্মে বাস রুট রেশনালাইজেশন কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এরপরে ২৪ নং (ঘাটারচর-মোহাম্মদপুর বাস স্ট্যান্ড-জাপান গার্ডেন সিটি-শ্যামলী-শিশুমেলা-আগারগাও-শেওড়াপাড়া-কাজীপাড়া-মিরপুর-১০-পল্লবী-কালশী-জিল্লুর রহমান উড়াল সড়ক-খিলক্ষেত-বিমানবন্দর-উত্তরা হাউজ বিল্ডিং-দিয়াবাড়ি) ও ২৫ নং (ঘাটারচর-মোহাম্মদপুর বাস স্ট্যান্ড-আসাদগেট-খামারবাড়ি-বিজয় সরণী-জাহাঙ্গীর গেট-মহাখালি-কাকলী-খিলক্ষেত-বিমানবন্দর-উত্তরা হাউজ বিল্ডিং-দিয়াবাড়ি) রুট রুইটি চালু করা হবে। এ লক্ষ্যে ০১.০৩.২০২৩ তারিখে ৩টি জাতীয় দৈনিকে গণবিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। পরবর্তীতে, এ বছরের (২০২৩) মাঝেই ২৭ ও ২৮ নং রুট দুইটি চালু করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গত ১৬.০৬.২০২৩ তারিখে ৩টি জাতীয় দৈনিকে এ সংক্রান্ত গণবিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

এ কার্যক্রমের অংশ হিসেবে প্রায় ৭০টি বাস স্টপেজ তৈরি করা হয়েছে এবং ১টি লে-ওভার টার্মিনাল (ঘাটারচর) নির্মাণের লক্ষ্যে জমি অধিগ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।

গত ০১ নভেম্বর, ২০২৩ তারিখ হতে উত্তরা (হাউজ বিল্ডিং) থেকে দিয়াবাড়ি মেট্রোরেল স্টেশন পর্যন্ত বিআরটিসি'র মেট্রোরেল শাটল সার্ভিসে “র্যাপিড পাস” ব্যবহার করে ভাড়া আদায়ের কার্যক্রম শুরু হয়।



ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)



আগামী ০১ নভেম্বর, ২০২৩ তারিখে উত্তরা (হাউজ বিল্ডিং) থেকে দিয়াবাড়ি মেট্রোরেল স্টেশন পর্যন্ত বিআরটিসি'র মেট্রোরেল শাটল বাস সার্ভিসে "র্যাপিড পাস" ব্যবহার করে ভাড়া আদায়ের গুণ উন্নয়ন



র্যাপিড পাস বিক্রয় প্রচারণা কার্যক্রম

আগামী ০১ নভেম্বর, ২০২৩ হতে ৩০ নভেম্বর, ২০২৩ (১ মাসব্যাপী) পর্যন্ত ঢাকা মহানগরীর বিভিন্ন ব্যস্ততম স্থান, বাস স্টপ ও মেট্রোরেল স্টেশনে "র্যাপিড পাস" বিক্রয় করা হবে।

স্থান	তারিখ
দিয়াবাড়ি	১-৪ নভেম্বর, ২০২৩
মতিঝিল	৩-১০ নভেম্বর, ২০২৩ (৪ নভেম্বর, ২০২৩ ব্যতিত)
মিরপুর ১০	১১-১৫ নভেম্বর, ২০২৩
আগারগাঁও	১৬-২০ নভেম্বর, ২০২৩
ফার্মগেট	২১-২৫ নভেম্বর, ২০২৩
শাহবাগ	২৬-৩০ নভেম্বর, ২০২৩

আগামী মার্চ, ২০২৪ হতে 'ঢাকা নগর পরিবহন'-এ র্যাপিড পাস চালু হবে

ঢাকা নগর পরিবহন

২০। গণশুনানী

সারাদেশে গণপরিবহন ব্যবস্থায় (Public Transport System) অসংখ্য সরকারি ও বেসরকারি এজেন্সি/কোম্পানি পরিষেবা প্রদান করছে। পরিবহন সেক্টরে বিভিন্ন এজেন্সি/কোম্পানির ভাড়া আদায়, ফি পরিশোধ, টোল পরিশোধ সহ অন্যান্য লেনদেনের ক্ষেত্রে (যেমন, ফিলিং স্টেশনের মূল্য পরিশোধ, স্টেশন/বন্দরে অবস্থিত দোকানের পণ্যের মূল্য পরিশোধ, ইত্যাদি) ভিন্ন ভিন্ন ইলেক্ট্রনিক কার্ড ও ডিভাইস ব্যবহার করা হলে জনগণের জন্য বিরক্তিকর ও অসুবিধাজনক হয়। এছাড়া বিদ্যমান ভাড়া আদায় ব্যবস্থায় স্বচ্ছতা ও দায়বদ্ধতার অভাবে জনগণ আর্থিক ভাবে শোষিত হচ্ছে। এই জন্য সকল গণপরিবহন ব্যবস্থায় ভাড়া পরিশোধ, ফি পরিশোধ, টোল পরিশোধ এবং সেবা ও পণ্যের মূল্য পরিশোধ কার্যক্রমকে একটি কর্তৃপক্ষের তত্ত্ববধানে সাধারণ আইসি কার্ড (Common IC Card) ব্যবস্থাপনার আওতায় আনার আবশ্যিকতা প্রতীয়মান হয়। এই প্রেক্ষাপটে, সরকার গণপরিবহন ব্যবস্থায় সমুদয় লেনদেন সম্পাদনের জন্য একমাত্র ইলেক্ট্রনিক কার্ড "র্যাপিড পাস (Rapid Pass)" প্রবর্তন করেছে এবং এই কার্ডের মাধ্যমে আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট পরিবহন অপারেটর, পণ্য বিক্রেতা, সার্ভিস প্রদানকারী স্টেকহোল্ডারদের মধ্যে পরিশোধের (Settlement) জন্য একটি "ক্লিয়ারিং হাউস (Clearing House)" প্রতিষ্ঠা করা হয়েছে। যেহেতু সকল গণপরিবহনে সমন্বিতভাবে একটি টিকেটিং

সিস্টেমে প্রবর্তনকরত: স্মার্ট কার্ড র‍্যাপিড পাস ব্যবহার করে ভাড়া আদায় এবং আদায়কৃত ভাড়ার অর্থ ক্লিয়ারিং হাউজের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে সেটেলমেন্ট করে গণপরিবহন পরিচালনাকারী (পিটিও) এবং গণপরিবহন ব্যবহারকারীগণের ভ্রমণ সময় ও ব্যয় (Travel Time and Cost) সাশ্রয় করা সম্ভব। যেহেতু এই র‍্যাপিড পাস কার্ডে গণপরিবহনের ভাড়া পরিশোধের পাশাপাশি স্মার্ট কার্ড হিসেবে বিভিন্ন ইউটিলিটি বিল পরিশোধ, টোল আদায়, কেনাকাটাসহ অন্যান্য ক্ষেত্রে ব্যবহার করে “সকলের জন্য এক কার্ড” (One Card for all) হিসেবে ব্যবহার করা সম্ভব, এবং যেহেতু ক্লিয়ারিং হাউসের মাধ্যমে জনগণের বিপুল অর্থের লেনদেন হয়; এখানে জনগণের ব্যক্তিগত তথ্যাদি সম্বন্ধিত থাকবে ফলে স্মার্ট টিকেটিং ব্যবস্থার সাথে জনস্বার্থ জড়িত; সেহেতু র‍্যাপিড পাস এবং ক্লিয়ারিং হাউস সিস্টেমকে সমন্বিতভাবে সকল গণপরিবহন এবং অন্যান্য ক্ষেত্রে সুশৃংখল ব্যবহার, ব্যবস্থাপনা, পরিবীক্ষণ, সমন্বয় এবং নিরাপত্তা নিশ্চিত করার নিমিত্ত ডিটিসিএ হতে গণপরিবহনে সমন্বিত টিকেটিং ব্যবস্থা এবং ক্লিয়ারিং হাউস ব্যবস্থাপনা আইন এর একটি খসড়া প্রণয়ন করা হয়েছে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ওয়েব সাইট: www.dtca.gov.bd

স্মারক নং-৩৫.০২.০০০০.০০৮.২২.০০১.২১-০৪২

তারিখঃ ০৮/০৫/২০২৪ খ্রিঃ

গণশুনানী

সারাদেশে গণপরিবহন ব্যবস্থায় (Public Transport System) অসংখ্য সরকারি ও বেসরকারি এজেন্সি/কোম্পানি পরিষেবা প্রদান করছে। পরিবহন সেক্টরে বিভিন্ন এজেন্সি/কোম্পানির ভাড়া আদায়, ফি পরিশোধ, টোল পরিশোধ সহ অন্যান্য লেনদেনের ক্ষেত্রে (যেমন; ফিলিং স্টেশনের মূল্য পরিশোধ, স্টেশন/বন্দরে অবস্থিত দোকানের পণ্যের মূল্য পরিশোধ ইত্যাদি) ভিন্ন ভিন্ন ইলেক্ট্রনিক কার্ড ও ডিভাইস ব্যবহার করা হলে জনগণের জন্য বিরক্তিকর ও অসুবিধাজনক হয়। এছাড়া বিদ্যমান ভাড়া আদায় ব্যবস্থায় স্বচ্ছতা ও দায়বদ্ধতার অভাবে জনগণ আর্থিকভাবে শোষিত হচ্ছে। এই জন্য সকল গণপরিবহন ব্যবস্থায় ভাড়া পরিশোধ, ফি পরিশোধ, টোল পরিশোধ এবং সেবা ও পণ্যের মূল্য পরিশোধ কার্যক্রমকে একটি কর্তৃপক্ষের তত্ত্বাবধানে সাধারণ আইসি কার্ড (Common IC Card) ব্যবস্থাপনার আওতায় আনার আবশ্যিকতা প্রতীয়মান হয়। এই প্রেক্ষাপটে, সরকার গণপরিবহন ব্যবস্থায় সমুদয় লেনদেন সম্পাদনের জন্য একমাত্র ইলেক্ট্রনিক কার্ড র্যাপিড পাস (Rapid Pass) প্রবর্তন করেছে এবং এই কার্ডের মাধ্যমে আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট পরিবহন অপারেটর, পণ্য বিক্রেতা, সার্ভিস প্রদানকারী স্টেকহোল্ডারদের মধ্যে পরিশোধের (Settlement) জন্য একটি “ক্লিয়ারিং হাউস (Clearing House)” প্রতিষ্ঠা করা হয়েছে। যেহেতু সকল গণপরিবহনে সমন্বিতভাবে একটি টিকেটিং সিস্টেমে প্রবর্তনকরত: স্মার্ট কার্ড র্যাপিড পাস ব্যবহার করে ভাড়া আদায় এবং আদায়কৃত ভাড়ার অর্থ ক্লিয়ারিং হাউজের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে সেটেলমেন্ট করে গণপরিবহন পরিচালনাকারী (পিটিও) এবং গণপরিবহন ব্যবহারকারীগণের ভ্রমণ সময় ও ব্যয় (Travel, Time and Cost) সাশ্রয় করা সম্ভব। যেহেতু এই র্যাপিড পাস কার্ডে গণপরিবহনের ভাড়া পরিশোধের পাশাপাশি স্মার্ট কার্ড হিসেবে বিভিন্ন ইউটিলিটি বিল পরিশোধ, টোল আদায়, কেনাকাটাসহ অন্যান্য ক্ষেত্রে ব্যবহার করে “সকলের জন্য এক কার্ড” (One Card for all) হিসেবে ব্যবহার করা সম্ভব এবং যেহেতু ক্লিয়ারিং হাউসের মাধ্যমে জনগণের বিপুল অর্থের লেনদেন হয়, এখানে জনগণের ব্যক্তিগত তথ্যাদি সঞ্চিত থাকবে ফলে স্মার্ট টিকেটিং ব্যবস্থার সাথে জনস্বার্থ জড়িত; সেহেতু র্যাপিড পাস এবং ক্লিয়ারিং হাউস সিস্টেমকে সমন্বিতভাবে সকল গণপরিবহন এবং অন্যান্য ক্ষেত্রে সুশৃঙ্খল ব্যবহার, ব্যবস্থাপনা, পরিবীক্ষণ, সমন্বয় এবং নিরাপত্তা নিশ্চিত করার নিমিত্ত ডিটিসিএ হতে গণপরিবহনে সমন্বিত টিকেটিং ব্যবস্থা এবং ক্লিয়ারিং হাউস ব্যবস্থাপনা আইন এর একটি খসড়া প্রণয়ন করা হয়েছে।

ডিটিসিএ হতে প্রস্তুতকৃত খসড়া আইনের উপর আপনার/আপনার প্রতিষ্ঠানের সূচিস্তিত পরামর্শ ও মতামত গ্রহণের জন্য আগামী ১৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় ডিটিসিএ সভাকক্ষে (সভাকক্ষ নং- ৮০৫ (লেভেল-৮) ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮) একটি গণশুনানী আয়োজন করা হয়েছে। উক্ত গণশুনানীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব এ বি এম আমিন উল্লাহ নূরী, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সভাপতিত্ব করবেন জনাব নীলিমা আখতার, নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)।

উল্লেখ্য, উক্ত গণশুনানীতে আলোচ্য ‘গণপরিবহনে সমন্বিত টিকেটিং ব্যবস্থা কোম্পানি এবং ক্লিয়ারিং হাউজ ব্যবস্থাপনা আইন-২০২৪’ এর খসড়া কপিটি ডিটিসিএ-এর ওয়েবসাইট (www.dtca.gov.bd)-এর নোটিশ বোর্ডে আপলোড করা হয়েছে।

 Rapid Pass

নির্বাহী পরিচালক
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ


২১। ইনোভেশন

১) উদ্ভাবনী আইডিয়ার নামঃ “ডিজিটাল মাস্টার ফাইল”

বাস্তবায়নের তারিখ: গত ১৪/০৩/২০২৪ খ্রি. তারিখে উক্ত ডিজিটাইজকৃত সেবা/ উদ্ভাবনী ধারণার বাস্তবায়নের অফিস আদেশ জারি করা হয়।

আইডিয়ার বিবরণ:

হার্ড-ফাইলে জারিকৃত পত্র সংরক্ষণ ও পরবর্তী ব্যবহারের জন্য ডিজিটাল মাস্টারফাইল একটি অনলাইনভিত্তিক প্ল্যাটফর্ম। ডিটিসিএ’র যেসকল নথি হার্ডফাইলে জারি করা হয় সেসকল নথি পরবর্তীতে সহজে খুঁজে পাওয়া ও সংরক্ষণ করার জন্য ডিজিটাল মাস্টারফাইল ধারণা বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। সেই লক্ষ্যে ওয়েব পোর্টালে হালনাগাদের জন্য একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। এই ওয়েব পোর্টালের মাধ্যমে ডিটিসিএ’র জারিকৃত সকল পত্র প্রয়োজনে সহজে খুঁজে পাওয়া যাবে এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যাবে। হার্ডফাইলের নথি দপ্তর প্রধান কিংবা অন্যান্য কর্মকর্তা খুঁজে পেতে কিছুটা সময় বিলম্ব হয়। কাজের দ্রুততা ও সহজলভ্যতা বৃদ্ধি করা যাবে। দীর্ঘমেয়াদি পরিকল্পনা হিসেবে সব ফাইল সংরক্ষণ করা যাবে।



চিত্র: ডিজিটাল মাস্টার ফাইল সংক্রান্ত ওয়েব পোর্টাল (: <https://portal.dtcabd.com/>)

২) ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা হয়েছে। ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে অগ্রগতি প্রতিবেদন দাখিল করা হয়েছে।

৩) “ডিজিটাল মাস্টার ফাইল” উদ্ভাবনী আইডিয়াটি বাস্তবায়িত হবার পর গত ০৮/০৫/২০২৪ তারিখে উক্ত আইডিয়াসহ বিগত অর্থবছরসমূহের মধ্যে নির্বাচিত আরো ৩ টি সেবাসহ মোট ৪ টি উদ্ভাবনী ধারণা/ ডিজিটাইজকৃত সেবা ডিটিসিএ’র সভাকক্ষে শোকেসিং করা হয়। প্রধান অতিথি হিসেবে ডিটিসিএ’র ইনোভেশন শোকেসিং” কার্যক্রম উদ্বোধন করেন জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। শ্রেষ্ঠ উদ্ভাবনী হিসেবে উক্ত অনুষ্ঠানে “ডিজিটাল মাস্টার ফাইল” উদ্ভাবনী ধারণা/ ডিজিটাইজকৃত সেবাকে পুরস্কৃত করা হয়।

এছাড়াও, গত ২১/০৫/২০২৪ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং” কার্যক্রমে ডিটিসিএ ডিজিটাল মাস্টার ফাইল” উদ্ভাবনী ধারণা/ ডিজিটাইজকৃত সেবাটি প্রদর্শন করে।



চিত্র ১ : গত ০৮/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত ডিটিসিএ’র ইনোভেশন শোকেসিং” এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন কার্যক্রম



চিত্র ২ : গত ০৮/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত ডিটিসিএ’র ইনোভেশন শোকেসিং” এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন কার্যক্রম



চিত্র ৩ : গত ০৮/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত ডিটিসিএ'র ইনোভেশন শোকেসিং" এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন কার্যক্রম



চিত্র ৪ : গত ২১/০৫/২০২৪ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং" কার্যক্রমে ডিটিসিএ ডিজিটাল মাস্টার ফাইল" উদ্ভাবনী ধারণা/ ডিজিটাইজকৃত সেবাটি প্রদর্শন



চিত্র ৫: গত ২১/০৫/২০২৪ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং” কার্যক্রমে ডিটিসিএ ডিজিটাল মাস্টার ফাইল” উদ্ভাবনী ধারণা/ ডিজিটাইজকৃত সেবাটি প্রদর্শন



চিত্র ৬: গত ২১/০৫/২০২৪ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং” কার্যক্রমে ডিটিসিএ ডিজিটাল মাস্টার ফাইল” উদ্ভাবনী ধারণা/ ডিজিটাইজকৃত সেবাটি প্রদর্শন



চিত্র ৭: গত ২১/০৫/২০২৪ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং”
কার্যক্রমে ডিটিসিএ’র অংশগ্রহণ

৪) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে। প্রমাণক সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে
অগ্রগতি সংযুক্ত করা হয়েছে।

৫) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ০২ টি কর্মশালা ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক গত ০৭
ফেব্রুয়ারি ২০২৪ এবং ২৬ জুন ২০২৪ তারিখে আয়োজিত হয়েছে।

কর্মশালার সামারি শিট

কর্মশালার ক্রম	০১	০২
কর্মশালার বিষয়	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিক সেবায় উদ্ভাবণ
স্মারক	৩৫.০২.০০০০.০০৯.২৯.০০১.২৪.৮ তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. (সংযুক্ত)	৩৫.০২.০০০০.০০৯.২৫.০০৭.২৪-৫৪ তারিখ: ২৪ জুন ২০২৪ খ্রি. (সংযুক্ত)
কর্মশালার তারিখ	০৭ ফেব্রুয়ারি ২০২৪	২৬ জুন ২০২৪
সভাপতি:	জনাব নীলিমা আখতার, নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডিটিসিএ ও অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।	জনাব নীলিমা আখতার, নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), ডিটিসিএ।
মূল প্রবন্ধ উপস্থাপক:	জনাব গোলাম মোহাম্মদ ভূঁইয়া, উপসচিব, প্রশাসন অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।	জনাব গোলাম মোহাম্মদ ভূঁইয়া, উপসচিব, প্রশাসন অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
আলোচকবৃন্দ	১) জনাব নীলিমা আখতার, নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডিটিসিএ ও অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। ২) জনাব কে এম হাফিজুর রহমান, অতিরিক্ত নির্বাহী পরিচালক (ম্যাস ট্রানজিট), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।	১) জনাব নীলিমা আখতার, নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), ডিটিসিএ। ২) জনাব মো: মোতাছিম বিল্লাহ, অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি), ডিটিসিএ। ৩) জনাব নাজনীন ওয়ারেস, যুগ্মসচিব, আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।



‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ’ বিষয়ক কর্মশালা



মূল প্রবন্ধ উপস্থাপক: জনাব গোলাম মোহাম্মদ ভূঁইয়া
উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সভাপতি: জনাব নীলিমা আখতার
নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডিটিসিএ ও অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ: ৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

আয়োজনে: ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

চিত্র ৮ : ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ’ বিষয়ক ৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে আয়োজিত কর্মশালাটির ব্যানার।



চিত্র ৯: ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ’ বিষয়ক কর্মশালা (ফ্রেম-১)



চিত্র ১০: ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ’ বিষয়ক কর্মশালা (ফ্রেম-১)



“স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিক সেবায় উদ্ভাবন” শীর্ষক কর্মশালা



সভাপতি: জনাব নীলিমা আখতার

নির্বাহী পরিচালক(অতিরিক্ত সচিব), ডিটিসিএ

মূল প্রবন্ধ উপস্থাপক: জনাব গোলাম মোহাম্মদ ভূঁইয়া

উপসচিব, প্রশাসন অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

আলোচক: ক) জনাব নীলিমা আখতার

নির্বাহী পরিচালক, ডিটিসিএ।

খ) জনাব মো: মোতাহিম বিল্লাহ

অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি), ডিটিসিএ।

গ) জনাব নাজনীন ওয়ারেস

যুগ্মসচিব, আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

তারিখ: ২৬ জুন ২০২৪ খ্রি: বুধবার।

সময়: সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল: ০৪:০০ ঘটিকা।

স্থান: কক্ষ নং-৮০৫, ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা।

আয়োজনে: ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

চিত্র ১১ : ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিক সেবায় উদ্ভাবণ’ বিষয়ক ২৬ জুন ২০২৪ তারিখে
আয়োজিত কর্মশালাটির ব্যানার।



চিত্র ১২ : ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিক সেবায় উদ্ভাবণ’ বিষয়ক (ক্রম-২)



চিত্র ১৩: ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিক সেবায় উদ্ভাবণ’ বিষয়ক (ক্রম-২)



চিত্র ১৪: 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিক সেবায় উদ্ভাবণ' বিষয়ক (ক্রম-২)

৬) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করে গত ২৩/০৩/২০২৪ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

২২। বাজেট

জিওবি বাজেটঃ ২০২৩-২৪

ক্রমিক নং	সরকারি খাত সমূহ	ব্যয় খাতের বিবরণ	২০২৩-২৪ অর্থ বছরে সংশোধিত বরাদ্দের পরিমাণ (হাজার টাকায়)	ব্যয় (হাজার টাকায়)
১	২	৩	৪	৫
১।	১৫০০১০১-১৩১০১৬৩০০৩- ৩৬-৩৬৩১১০১	বেতন সহায়তা	৩৮৫৮৫.০০	৩৪৮৯২.৩০
২।	১৫০০১০১-১৩১০১৬৩০০৩- ৩৬-৩৬৩১১০২	ভাতাদি বাবদ সহায়তা	৩৯৬১৯.০০	৩৩৫৯৯.৫৮
৩।	১৫০০১০১-১৩১০১৬৩০০৩- ৩৬-৩৬৩১১০৩	পন্য ও সেবা সহায়তা	১১১৬৯৬.০০	৫৫৮৩০.৭৭
৪।	১৫০০১০১-১৩১০১৬৩০০৩- ৩৬-৩৬৩১১০৪	পেনশন ও অবসর সুবিধা সহায়তা		
৫।	১৫০০১০১-১৩১০১৬৩০০৩- ৩৬-৩৬৩২১০২	যন্ত্রপাতি অনুদান	৭৫০০.০০	৭৩০.৪৮
৬।	১৫০০১০১-১৩১০১৬৩০০৩- ৩৬-৩৬৩২১০৩	যানবাহন বাবদ অনুদান	২০০০০.০০	০.০০
৭।	১৫০০১০১-১৩১০১৬৩০০৩- ৩৬-৩৬৩২১০৪	ভবন ও স্থাপনানির্মাণ অনুদান	৫০০০০.০০	০.০০
৮।	১৫০০১০১-১৩১০১৬৩০০৩- ৩৬-৩৬৩২১০৫	তথ্য যোগাযোগ প্রযুক্তি অনুদান	৭২০০.০০	৫৩৯৫.৫৮
৯।	১৫০০১০১-১৩১০১৬৩০০৩- ৩৬-৩৬৩২১০৬	অন্যান্য মূলধন অনুদান	২২৬৫০০.০০	১৯৬৮৫০.৭৫
		মোট- ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)	৫০১১০০.০০	৩২৭২৯৯.৪৬

২৪.২। উন্নয়ন বাজেটঃ ২০২৩-২৪

(কোটি টাকায়)

ক্রঃনং	আরএডিপি ক্রমিক	প্রকল্পের নাম (বাস্তবায়নের কাল)	জন্মোদানের পর্যায়	প্রকল্প ব্যয়		জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়			২০২৩-২০২৪ অর্থবছরের আরএডিপি বরাদ্দ				২০২৩-২৪ অর্থবছরে জিওবি অর্থ ছাড়	জুন, ২০২৪ পর্যন্ত ব্যয়			প্রকল্প ঋণ ব্যয়ের শতকরা হার (%)	অগ্রগতি (%)
				মোট (বৈঃ মুদ্রা)	প্রকল্প ঋণ (টাকাংশ)	মোট	জিওবি	প্রকল্প ঋণ	মোট	টাকা (রাজস্ব)	প্রকল্প ঋণ (টাকাংশ)	ছাড়যোগ্য বরাদ্দ		মোট	জিওবি	প্রকল্প ঋণ (RPA)		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পঃ																		
১	টিএ-২	ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট (০১/০৭/২০১৫ থেকে ৩০/০৬/২০২২)	অনুমোদিত	৫২.০৮৪৮ (০.০০)	১৮.৮৬৭৫ (০.০০)	৪৮.৬৬৭৫	২৯.৮১	১৮.৮৫৭৫	০.০১	০.০১	০.০০	০.০১	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০%	০.০০%
২	টিএ-৪	মিড টার্ম রিভিউ এন্ড আপডেটিং অব রিভাইজড স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান (এমটিআর-আরএসটিপি) ফর ঢাকা। (০১/১২/২০২১ থেকে ৩০/০৬/২০২৫)	অনুমোদিত	৩৪.১৯৮৭ (০.০০)	২৪.৪০৮০	৫.৬৩০২	০.৬৩০২	৫.০০	৬.০৭	১.০৭	৫.০০	৬.০১	১.০১০	৫.৯৩৪	০.৯৩৪	৫.০০০	১০০.০০%	৯৮.৭৩%
৩	টিএ-৩	এস্ট্রাশমেন্ট অব ক্লিয়ারিং হাউজ ফর ইন্টিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এড্যাচেন্ট ডিসট্রিক্টস (ফেজ-২) (১/০৭/২০২১ থেকে ৩০/০৬/২০২৪)	অনুমোদিত	৮৩.৮৭১	২৯.৮৭৫৪	২০.৬৬০১	০.৫৫০১	২০.১১	১৬.৭৬	৭.০০ (১.৭৮)	৯.৭৬	১৬.৭৬	৭.০০০	১৬.২৯৯	৬.৫৩৯	৯.৭৬০	১০০.০০%	৯৭.২৫%
৪	টিএ-৫	ট্রান্সপোর্ট মাস্টারপ্ল্যান এন্ড প্রিলিমিনারী ফিজিবিলিটি স্টাডি ফর আরবান মেট্রোরেল ট্রান্সজিট কনস্ট্রাকশন অফ চট্টগ্রাম	অনুমোদিত	৭০.৬২৮৫	১৩.৬২৫৮				০.৭৩	০.৭২ (০.৫০)	০.০১	০.৭৩	০.৪৭০	০.৩২৯	০.৩১৯	০.০১০	১০০.০০%	৪৫.১০%

		মেট্রোপলিটন এরিয়া (সিএমএ) (০১/০১/২০২৩ থেকে ৩০/০৬/২০২৫)																
জিওবি প্রকল্পঃ																		
৫	টিএ-১	প্রিপারেশন অব কনসেপ্ট ডিজাইন এন্ড ইমপ্লিমেন্টেশন প্ল্যান ফর বাস রুট র্যাশনালাইজেশন এন্ড কোম্পানি বেজড অপারেশন অব বাস সার্ভিস ইন ঢাকা প্রকল্প (০১/০৩/২০২০ থেকে ৩১/১২/২০২৪)	অনুমোদিত	২৪.৪৯		০.৫৫	০.৫৫		৫.৫৭	৫.৫৭ (৪.৫৪)		৫.৫৭	৫.০৯০	৪.৩৬০	৪.৩৬০			৭৮.২৮%
৬	১	ফিজিবিলিটি স্টাডি অন ঢাকা আউটার রিং রোডঃ ইন্টার্ন, ওয়েস্টার্ন এন্ড নর্দান পার্ট (০১/০৭/২০২০ থেকে ৩০/০৬/২০২৪)	অনুমোদিত	১৩.৫৮১৬	-	২.৯৪২০	২.৯৪২০		৯.৭৭	৯.৭৭ (৯.৭০)		৯.৭৭	৯.৭৭০	৭.২৯১	৭.২৯১			৭৪.৬৩%
৭	২	প্রিপারেশন অব কম্প্রিহেনসিভ ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান ফর নারায়ণগঞ্জ এন্ড গাজীপুর সিটি কর্পোরেশন। (০১/০৯/২০২১ থেকে ৩১/০৮/২০২৪)	অনুমোদিত	৪১.৬১৭৯		২.৬১১৩	২.৬১১৩		৬.৯০	৬.৯০ (৫.৮৩)		৫.৮৮	৫.৮৮৮	৫.৪৪৭	৫.৪৪৭			৯২.৬৩%
মোট				৩২০.৪৭২৫	৮৬.৭৭৬৭	৭৮.৪৪৯৮	৩৪.৪৮২৩	৪৩.৯৬৭৫	৪৫.৮১	৩১.০৪	১৪.৭৭	৪৪.৭৩	২৯.২২৮	৩৯.৬৫৯৯	২৪.৮৮৯৯	১৪.৭৭	১০০.০০%	৮৮.৬৭%

২৩। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের বিভিন্ন কার্যক্রম

ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কার্যক্রমঃ

স্ক্র্যাপ গাইডলাইনঃ পুরাতন বা অকেজো যানবাহনের লাইফ সাইকেলের পরিসমাপ্তি ঘটানোর জন্য ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক "অকেজো যানবাহন ব্যবস্থাপনা/যানবাহন স্ক্র্যাপ গাইডলাইন, ২০২২ (খসড়া)" প্রস্তুত করা হয়েছে চূড়ান্ত করার কাজ চলছে।

গ্রীন ট্যাক্স/সবুজ করঃ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক "পুরানো যানবাহন ব্যবহারের উপর কর (গ্রীন ট্যাক্স/সবুজ কর) আরোপের প্রস্তাব" প্রস্তুত করা হয়েছে।

এসডিজিঃ টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নির্দেশনা মোতাবেক ডিটিসিএ অংশের লক্ষ্যমাত্রা অর্জনে বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ করছে এবং অগ্রগতি প্রতিবেদন দাখিল করছে।

গবেষণা কার্যক্রমঃ 'Transport mode choice behaviour of School-going students in Dhaka city' বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য নির্বাহী পরিচালক, ডিটিসিএ মহোদয়ের উপস্থিতিতে ডিটিসিএ এবং সেন্টার ফর ল' এন্ড পলিসি অ্যাফেয়ার্স (CLPA) এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয় (তারিখ: ৩১.১০.২০২৩)। গবেষণা কার্যক্রমটি চলমান রয়েছে।

ডিটিসিএ'র ম্যাস ট্রানজিট শাখায় গত ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত চলমান/সমাপ্তকৃত কার্যক্রম নিম্নরূপঃ

১. মেট্রোরেল আইন, ২০১৫ এর উপধারা ১৫(১) অনুসারে মেট্রোরেল লাইন-৬ এর আগারগাঁও হতে মতিঝিল অংশের মেট্রোরেলের অবকাঠামোগত সুবিধাদি ও রোলিং স্টক স্থাপন, পরিচালনা, উহার রক্ষণাবেক্ষণ এবং নিরাপত্তা ব্যবস্থাপনাসহ কারিগরি বিষয়ের দলিলাদি পরীক্ষা নিরীক্ষাপূর্বক অনুমোদন প্রদানের লক্ষ্যে গত ৩০/০৮/২০২৩ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গঠিত কমিটির ৩টি সভা (১ম সভা: ১৮/০৯/২০২৩, ২য় সভা: ৩০/০৯/২০২৩, ৩য় সভা: ২৫/১০/২০২৩) ও ২টি পরিদর্শন (১ম পরিদর্শনঃ ৩০/০৯/২০২৩, ২য় পরিদর্শনঃ ০৬/১০/২০২৩) সম্পন্ন হয়। উক্ত সভা ও পরিদর্শনের যাবতীয় কার্যক্রম অল্প সময়ের মধ্যে (২৮ কার্যদিবস) সম্পন্ন করার জন্য কয়েক হাজার পৃষ্ঠার ডকুমেন্ট পরীক্ষা-নিরীক্ষা করতে হয়েছে। উল্লেখ্য যে, মেট্রোরেল লাইন-৬ আগারগাঁও হতে মতিঝিল অংশের অবকাঠামোগত সুবিধাদি ও রোলিং স্টক স্থাপন, পরিচালনা, উহার রক্ষণাবেক্ষণ এবং নিরাপত্তা ব্যবস্থাপনাসহ কারিগরি বিষয়ের দলিলাদি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক অনুমোদন প্রদানের লক্ষ্যে বিভিন্ন সিস্টেমের অনেকগুলো ডকুমেন্ট (৮,৩৯৯ পৃষ্ঠার অধিক) প্রেরণ করেন। কমিটির প্রতিবেদন অনুসারে গত ২৯/১০/২০২৩ তারিখে কর্তৃপক্ষের অনুমোদন জানিয়ে দেওয়া হয়।

২. ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক গঠিত পরিদর্শন টিম গত ১৭-১০-২০২৩ খ্রিঃ তারিখে বাংলাদেশ সচিবালয় মেট্রো স্টেশন, ২১-১১-২০২৩ খ্রিঃ তারিখে মতিঝিল মেট্রো স্টেশন, ০৬-১২-২০২৩ খ্রিঃ তারিখে ফার্মগেট মেট্রো স্টেশন, ১৬-০১-২০২৪ খ্রিঃ তারিখে শাহবাগ মেট্রো স্টেশন, ২০-০২-২০২৪ খ্রিঃ তারিখে কারওয়ান বাজার মেট্রো স্টেশন এবং ২৮-০২-২০২৪ খ্রিঃ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রো স্টেশন পরিদর্শন করেন। ডিটিসিএ'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর অন্তর্ভুক্ত মেট্রোরেল পরিদর্শন ও সুপারিশ প্রণয়ন কার্যক্রমের অংশ হিসেবে ডিটিসিএ'র পরিদর্শন টিম উক্ত পরিদর্শনসমূহ সম্পাদন করেন।
৩. মেট্রোরেল লাইন-৫: নর্দার্ন রুট-এর লাইসেন্সের বিষয়ে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটির ১ম সভার সিদ্ধান্ত অনুসারে ডিএমটিসিএল-কে দাখিলকৃত ডকুমেন্টসমূহ রিকাস্ট করতঃ পুনরায় সংযুক্তি সহ প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। ডিএমটিসিএল হতে প্রাপ্ত উক্ত ডকুমেন্টসমূহ যাচাই-বাছাইয়ের জন্য গত ১২ ডিসেম্বর ২০২৩ ও ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখে বাছাই কমিটির যথাক্রমে ৪র্থ ও ৫ম সভা অনুষ্ঠিত হয়েছে। মেট্রোরেল আইন, ২০১৫ এর উপধারা-১১ (১) এবং মেট্রোরেল বিধিমালা, ২০১৬ এর বিধি-৫ এর আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ গত ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।
৪. মেট্রোরেল লাইন-৫: সাউদার্ন রুট-এর লাইসেন্সের বিষয়ে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক দাখিলকৃত ডকুমেন্টসমূহ ডিটিসিএ-তে যাচাই-বাছাই করা হয়েছে। পর্যালোচনান্তে ডকুমেন্টসমূহ যথাযথ না হওয়ায় রিকাস্ট করতঃ পুনরায় প্রেরণ করার জন্য পত্রের মাধ্যমে ডিএমটিসিএল-কে অনুরোধ জানানো হয়েছে। ডিএমটিসিএল হতে ডকুমেন্টসমূহ প্রাপ্তির পর মেট্রোরেল আইন, ২০১৫ ও মেট্রোরেল বিধিমালা, ২০১৬ অনুযায়ী লাইসেন্স সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।
৫. মেট্রোরেলের ইমপ্লিমেন্টেশন স্ট্যান্ডার্ড সংক্রান্ত:
- গত ০৫ ডিসেম্বর ২০২২ তারিখে ডিটিসিএ-তে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে মেট্রোরেল আইন ২০১৫, মেট্রোরেল বিধিমালা ২০১৬, Technical Standards for the Metrorail in Bangladesh এবং ডিটিসিএ'র পর্যবেক্ষণ অনুসারে প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে 'মেট্রোরেলের ইমপ্লিমেন্টেশন স্ট্যান্ডার্ড' আগামী ০৬ (ছয়) মাস (অর্থাৎ ২০ জুন ২০২৩)-এর মধ্যে আবশ্যিকভাবে সহজবোধ্য বাংলা ভাষায় প্রণয়নকরতঃ কর্তৃপক্ষ (ডিটিসিএ)-এর নিকট হতে অনুমোদন নিতে হবে শর্তে সাময়িক অনুমোদন প্রদান করা হয়। ডিটিসিএ-এর স্মারক নং- ৩৫.০২.০০০০.০০২.৩৫.০০২.২২.২০৯, তারিখঃ ৩০ মার্চ ২০২৩ মারফত ডিটিসিএ পরিচালনা পরিষদের ১৬তম সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়। উক্ত সভার কার্যবিবরণীর আলোচ্যসূচির ক্রমিক নং-৫ এর বিপরীতে পরিচালনা পরিষদকে অবহিত করা হয় যে, সাময়িক অনুমোদন প্রাপ্তির ০৬ (ছয়)

মাস (অর্থাৎ ২০ জুন ২০২৩)-এর মধ্যে মেট্রোরেল লাইন-৬ এর Implementation Standard আবশ্যিকভাবে বাংলা ভাষায় প্রণয়নকরতঃ ডিটিসিএ হতে অনুমোদন গ্রহণ করবে মর্মে গত ০৯ মে ২০২৩ তারিখে ডিএমটিসিএল বরাবর একটি পত্র প্রেরণ করা হয়েছে, তবে ডিএমটিসিএল হতে উক্ত পত্রের কোন জবাব না পাওয়ায় গত ১৮ এপ্রিল ২০২৪ তারিখে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে।

৬. ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক গঠিত পরিদর্শন টিম গত ১৬ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখে বিআরটি লাইন-৩ এর টঙ্গী ব্রিজ এলাকা ও তারগাছ স্টেশন, ১৮ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে গাজীপুর চৌরাস্তা স্টেশন ও ফ্লাইওভার এবং ১৯ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখে টঙ্গী ব্রিজ, তারগাছ স্টেশন এবং গাজীপুর চৌরাস্তা স্টেশন ও ফ্লাইওভার পরিদর্শন করেন। ডিটিসিএ'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর অন্তর্ভুক্ত মেট্রোরেল পরিদর্শন ও সুপারিশ প্রণয়ন কার্যক্রমের অংশ হিসেবে ডিটিসিএ'র পরিদর্শন টিম উক্ত পরিদর্শনসমূহ সম্পাদন করেন।
৭. বিআরটি লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্তঃ
বিআরটি আইন, ২০১৬ এর ধারা-৭ অনুসারে বিআরটি নির্মাণ, পরিচালনা, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য লাইসেন্স প্রদান ও নবায়নের উদ্দেশ্যে বিআরটি আইনের ধারা-১১ (১) অনুসারে গত ৪ অক্টোবর, ২০২২ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক নির্বাহী পরিচালক, ডিটিসিএ'র সভাপতিত্বে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট গঠিত বাছাই কমিটির ১ম সভা ২০/০৯/২০২৩ তারিখে এবং ২য় সভা ২১/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। বাছাই কমিটির সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে ঢাকা বিআরটি কোম্পানি কর্তৃক প্রয়োজনীয় দলিলাদি পাওয়া গেলে খুব শীঘ্রই পরবর্তী সভা আহ্বান করা হবে।
৮. বিআরটি লাইন-৩ এর ভাড়া নির্ধারণঃ
বিআরটি আইন, ২০১৬ এর উপধারা ২০(১) অনুসারে গত ১৭ আগস্ট, ২০২৩ তারিখে ডিটিসিএ (কর্তৃপক্ষ) কর্তৃক গঠিত বিআরটি ভাড়া নির্ধারণ কমিটির ১ম সভা ২০/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। বিআরটি আইন, ২০১৬ এর উপধারা ২০(২) অনুযায়ী ভাড়া নির্ধারণ কমিটি কর্তৃপক্ষের নিকট সর্বোচ্চ ও সর্বনিম্ন ভাড়ার হার নির্ধারণের সুপারিশ করবে। এ লক্ষ্যে বিআরটি ভাড়া নির্ধারণ কমিটির ১ম সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে ঢাকা বিআরটি কোম্পানি কর্তৃক প্রয়োজনীয় দলিলাদি পাওয়া গেলে খুব শীঘ্রই ভাড়া নির্ধারণ কমিটির পরবর্তী সভা আহ্বান করা হবে।

২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কার্যাবলির প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে ক্যাপশন সহ ছবি



বাংলাদেশ সচিবালয় মেট্রোরেল স্টেশন পরিদর্শনকালে মেট্রোরেল লাইন-৬ প্রকল্পের ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে ডিটিসিএ'র পরিদর্শন টিম। তারিখ : ১৭/১০/২০২৩ খ্রি.



গাজীপুর চৌরাস্তা স্টেশন পরিদর্শনে বাস্তবায়নকারী বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে ডিটিসিএ পরিদর্শন টিম।

তারিখঃ ১৮/১২/২০২৩ খ্রি.



শাহবাগ মেট্রো স্টেশন পরিদর্শনে ডিটিসিএ'র পরিদর্শন টিম। তারিখ : ১৬-০১-২০২৪ খ্রি.



কারওয়ান বাজার মেট্রোরেল স্টেশন পরিদর্শনে ডিটিসিএ'র পরিদর্শন টিম। তারিখ : ২০/০২/২০২৪ খ্রি.



ফার্মগেট মেট্রো স্টেশন পরিদর্শনে ডিটিসিএ'র পরিদর্শন টিম। তারিখ : ০৬/১২/২০২৩ খ্রি.



ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রো স্টেশন পরিদর্শনে ডিএমটিসিএল'র প্রতিনিধিদের সঙ্গে ডিটিসিএ'র পরিদর্শন টিম।

তারিখ : ২৮/০২/২০২৪ খ্রি.



বিআরটি লাইন-৩ এর তারগাছ স্টেশন পরিদর্শনকালীন ডিটিসিএ'র পরিদর্শন টিম। তারিখঃ ১৬/১০/২০২৩ খ্রি.



টঙ্গী ব্রিজ এলাকা পরিদর্শনে ডিবিআরটি ও ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে ডিটিসিএ পরিদর্শন টিম। তারিখঃ ১৬/১০/২০২৩ খ্রি.

গাজীপুর চৌরাস্তা স্টেশন পরিদর্শনে বাস্তবায়নকারী বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে ডিটিসিএ পরিদর্শন টিম।
তারিখঃ ১৮/১২/২০২৩ খ্রি.



ঢাকা বিআরটি কোম্পানীর সম্মেলন কক্ষে বিআরটি লাইন-৩ এর কাজের অগ্রগতি সম্পর্কিত আলোচনা।
তারিখঃ ১৮/১২/২০২৩ খ্রি.



বিআরটি লাইন-৩ এর স্টেশনের ল্যান্ডিং নির্মাণ করায়
পথচারীদের চলাচলের জন্য কোন ফুটিপাত নেই।



বিআরটি লাইন-৩ এর নির্মাণ কাজ চলমান।

তারিখ : ১৯/০৩/২০২৪ খ্রি.

২০২৩-২৪ অর্থবছরের TCEC পরিদর্শন টিম কর্তৃক আবাসন প্রকল্প এবং বহুতল ভবনের পরিদর্শন চিত্রঃ



গত ২১ নভেম্বর, ২০২৩ তারিখে মুন্সিগঞ্জের স্বপ্নধরা আবাসন প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন টিম



গত ২৩ নভেম্বর, ২০২৩ তারিখে বাড্ডা, ঢাকায় অবস্থিত স্বদেশ প্রোপার্টিজ লি. এর সানজালী আবাসন প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন
টিম



গত ২৭ নভেম্বর, ২০২৩ তারিখে খিলক্ষেত, ঢাকায় অবস্থিত স্বদেশ প্রোপার্টিজ লি. এর স্বর্ণালী আবাসন প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন টিম



গত ১৪ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে রূপগঞ্জ, নারায়ণগঞ্জে অবস্থিত “পূর্বাচল আমেরিকান সিটি” প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন টিম



গত ১৭ এপ্রিল, ২০২৪ তারিখে বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা এর ০১টি সেমি বেজমেন্টসহ ১৪তলা বিশিষ্ট ১টি আবাসিক ভবন প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন টিম



গত ১৮ এপ্রিল, ২০২৪ তারিখে তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা এর ১টি সেমি বেজমেন্ট ও ৪টি বেজমেন্টসহ ৪১ (একচল্লিশ) তলা, প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন টিম



গত ৭ মে, ২০২৪ তারিখে রূপগঞ্জ, নারায়ণগঞ্জে “প্লাটিনাম সিটি” আবাসন প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন টিম



গত ২ মে, ২০২৪ তারিখে মৌজা-বাউনিয়া, থানা-তুরাগ, জেলা-ঢাকায় “ট্রাস্ট গ্রীণ সিটি” আবাসন প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন টিম



গত ২ জুন, ২০২৪ তারিখে পূর্বাচল নতুন শহর প্রকল্প এলাকার ১নং সেক্টরের ১০২ নং রাস্তার ০১ নং প্লটে প্রস্তাবিত “শেখ হাসিনা ক্রিকেট স্টেডিয়াম” আবাসন প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন টিম



গত ৪ জুন, ২০২৪ তারিখে তেজগাঁও শিল্প এলাকা, ওয়ার্ড নং-২৪, তেজগাঁও, ঢাকায় ০৫ টি বেজমেন্টসহ ৩২ (বত্রিশ) তলা বাণিজ্যিক ভবন প্রকল্পে ডিটিসিএ পরিদর্শন টিম

পরিশিষ্ট-ক

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

১. ভিশন ও মিশন

ভিশন: বৃহত্তর ঢাকা অঞ্চলের জন্য সমন্বিত, টেকসই ও আধুনিক পরিবহন ব্যবস্থার প্রবর্তন।

মিশন: জনসাধারণের জন্য নিরাপদ, নির্ভরযোগ্য এবং সহজলভ্য পরিবহন ব্যবস্থা গড়ে তোলার উদ্দেশ্যে পরিবহন ব্যবস্থার সুষ্ঠু সমন্বয়, পরিবহন পরিকল্পনা এবং সুশৃঙ্খল গণপরিবহন ব্যবস্থার প্রবর্তন।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি :

২.১) নাগরিক সেবা

ক্রমিক	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)	উর্ধ্বতন কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১	কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নির্মিতব্য বহুতল ভবনে যানবাহনের প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নক্সা অনুমোদন ও তদারকী।	প্রয়োজনীয় দলিলাদি ও কাগজপত্রসহ নির্বাহী পরিচালক, ডিটিসিএ-এর বরাবরে আবেদন। সংশ্লিষ্ট কমিটির সুপারিশক্রমে অনুমোদন।	অফিসের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। প্রস্তাবিত ইমারত প্রকল্পের লে-আউট প্ল্যান, প্রকল্প এলাকায় প্রবেশ ও বাহির হওয়ার লে-আউট প্ল্যান, জমির মালিকানা সম্পর্কিত অংগীকারনামা, হালনাগাদ খাজনার দাখিলা ও মিউটেশনের কপি, Traffic impact Assessment Report, ডিটিসিএ'র Website-এ প্রদর্শিত চেকলিস্ট অনুযায়ী অন্যান্য কাগজপত্র।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৭.০৮.২০১৭ খ্রি: তারিখের ৫.০০.০০০০.০৪৮.৯৯.০০ ৫.১৫.১২৮ নম্বর স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী পরিশিষ্ট- 'ক' -তে উল্লিখিত ফি নির্বাহী পরিচালক, ডিটিসিএ বরাবরে জমা প্রদান।	২৫ কার্যদিবস	পদবি: সিনিয়র আরবান প্ল্যানার/ আরবান প্ল্যানার, ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৭০৬ ইমেইলঃ up@dtca.gov.bd	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৬৮৪ ইমেইলঃ ed@dtca.gov.bd info@dtca.gov.bd ed.dtca60@gmail.com
২	কোন আবাসন (হাউজিং) প্রকল্পে যানবাহনের প্রবেশ-	প্রয়োজনীয় দলিলাদি ও কাগজপত্রসহ	অফিসের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। প্রস্তাবিত হাউজিং প্রকল্পের লে-আউট প্ল্যান, ভূমি	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৭.০৮.২০১৭ খ্রি:	২৫ কার্যদিবস	পদবি: সিনিয়র আরবান প্ল্যানার /আরবান প্ল্যানার ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৭০৬	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৬৮৪

ক্রমিক	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)	উর্ধ্বতন কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
	নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নক্সা অনুমোদন ও তদারকী।	নির্বাহী পরিচালক, ডিটিসিএ-এর বরাবরে আবেদন। সংশ্লিষ্ট কমিটির সুপারিশক্রমে অনুমোদন।	ব্যবহারের তথ্যাদি, পার্শ্ববর্তী এলাকার সবিশদ বর্ণনা, প্রকল্প এলাকায় প্রবেশ ও বাহির হওয়ার লে-আউট প্ল্যান, জমির মালিকানা সম্পর্কিত অংগীকারনামা, Traffic impact Assessment Report রাজউক হতে প্রাপ্ত প্রাথমিক পরামর্শকরণের সত্যায়িত কপি। ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) এ প্রস্তাবিত প্রকল্পটির স্থানে কি ধরনের Land Use করার জন্য বলা হয়েছে তা ম্যাপসহ জমা দিতে হবে। Non- Encumbrance Certificate এবং ডিটিসিএ'র Website-এ প্রদর্শিত চেকলিস্ট অনুযায়ী অন্যান্য কাগজপত্র।	তারিখের - ৩৫.০০.০০০০.০৪৮.৯৯.০ ০৫.১৫.১২৮ নম্বর স্মারকের পরিশিষ্ট- 'খ' অনুযায়ী ছাড়পত্র ফি প্রদান করতে হবে।		ইমেইলঃ up@dtca.gov.bd	ইমেইলঃ ed@dtca.gov.bd info@dtca.gov.bd ed.dtca60@gmail.com
৩	গণপরিবহনের ভাড়া আদায়ে র্যাপিড পাস কার্ড।	গণপরিবহনে যাত্রীগণ/যাত্রীবৃন্দ ডিটিসিএ কর্তৃক নির্ধারিত স্থান হতে র্যাপিড পাস সংগ্রহ, রিচার্জ ও আনুষঙ্গিক সেবা গ্রহণ করতে পারবেন।	ডিটিসিএ কর্তৃক নিযুক্ত এজেন্ট হতে র্যাপিড পাস কার্ড সংগ্রহ করা এবং কার্ড গ্রহণ পূর্বক অনলাইন-এ রেজিস্ট্রেশন করা।	র্যাপিড পাসের প্রাথমিক মূল্য ৪০০/- টাকা যার মধ্যে ২০০/- টাকা প্রাথমিক রিচার্জ এবং বাকী ২০০/- টাকা কার্ডের জমা মূল্য।		পদবি: সহকারী প্রোগ্রামার (ক্রিয়ারিং হাউজ এডমিনিস্ট্রেটর) সাপোর্ট ফোন নম্বরঃ ০২২২৬৬০৩৭৪৫ ইমেইলঃ passrapid23@gmail.com	অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি), ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৭০২ ইমেইলঃ aed.p&p@dtca.gov.bd

২.২) প্রাতিষ্ঠানিক সেবা

ক্রমিক	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)	উর্ধ্বতন কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১	পরিবহন / যানবাহন সংক্রান্ত বিষয়ে সমন্বয় সাধন ও পরামর্শ প্রদান।	পরিবহন সংশ্লিষ্ট সংস্থা /প্রতিষ্ঠান সমূহ/স্টেক হোল্ডারদের সাথে সমন্বয় সভা/পত্র যোগাযোগ।	বিষয় সম্পর্কিত সংশ্লিষ্ট কাগজপত্র	বিনা মূল্যে	২০ দিন	পদবি: অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) ফোনঃ ০২২২৬৬০৩৭০৩ ইমেইলঃ aed.tmpti@dtca.gov.bd	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৬৮৪ ইমেইলঃ ed@dtca.gov.bd info@dtca.gov.bd ed.dtca60@gmail.com
২	কোন সরকারি আবাসন (হাউজিং) প্রকল্পে যানবাহনের প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নক্সা অনুমোদন ও তদারকী।	প্রয়োজনীয় দলিলাদি ও কাগজপত্রসহ নির্বাহী পরিচালক, ডিটিসিএ-এর বরাবরে আবেদন। সংশ্লিষ্ট কমিটির সুপারিশক্রমে অনুমোদন।	অফিসের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। প্রস্তাবিত হাউজিং প্রকল্পের লে-আউট প্ল্যান, ভূমি ব্যবহারের তথ্যাদি, পার্শ্ববর্তী এলাকার সবিশদ বর্ণনা, প্রকল্প এলাকায় প্রবেশ ও বাহির হওয়ার লে-আউট প্ল্যান, জমির মালিকানা সম্পর্কিত অংগীকারনামা, হালনাগাদ খাজনার দাখিলা ও মিউটেশনের কপি, Traffic Impact Assessment Report , রাজউক হতে প্রাপ্ত প্রাথমিক পরামর্শকগণের সত্যায়িত কপি, ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) এ প্রস্তাবিত প্রকল্পটির স্থানে কি ধরনের Land Use করার জন্য বলা হয়েছে	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং- ৩৫.০০.০০০০.০৪৮.৯৯.০০ ৫.১৫.১২৮ তারিখ: ০৭ আগষ্ট ২০১৭ খ্রি: এর প্রজ্ঞাপন অনুযায়ী ছাড়পত্র ফি প্রদান সাপেক্ষে (পরিশিষ্ট-খ)।	২৫ কার্যদিবস	পদবি: সিনিয়র আরবান প্ল্যানার /আরবান প্ল্যানার ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৭০৬ ইমেইলঃ up@dtca.gov.bd	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৬৮৪ ইমেইলঃ ed@dtca.gov.bd info@dtca.gov.bd ed.dtca60@gmail.com

ক্রমিক	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)	উর্ধ্বতন কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
			তা ম্যাপসহ জমা দিতে হবে। Non-Encumbrance Certificate এবং দপ্তরে রক্ষিত চেকলিস্ট অনুযায়ী অন্যান্য কাগজপত্র।				
৩	বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিবহন অবকাঠামো নির্মাণে ছাড়পত্র প্রদান	প্রয়োজনীয় দলিলাদি ও কাগজপত্রসহ নির্বাহী পরিচালক, ডিটিসিএ বরাবরে আবেদন। কমিটির সুপারিশক্রমে অনুমোদন।	প্রকল্পের বিস্তারিত নক্সা, Layout Plan, প্রকল্প দলিলের কপি, Traffic Impact Analysis ও Traffic Circulation Plan। প্রযোজ্য ক্ষেত্রে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন।	বিনা মূল্যে	২৫ কার্যদিবস	পদবি: ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৭১৪ ইমেইল: te@dtca.gov.bd	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৬৮৪ ইমেইলঃ ed@dtca.gov.bd info@dtca.gov.bd ed.dtca60@gmail.com

২.৩) অভ্যন্তরীণ সেবা

ক্রমিক	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)	উর্ধ্বতন কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১	কর্মকর্তা/কর্মচারীগণের প্রমোশন, টাইমস্কেল প্রদান ইত্যাদি	পদোন্নতি/টাইমস্কেল প্রদান সংক্রান্ত কমিটির সুপারিশ/সিদ্ধান্ত মোতাবেক।	সংশ্লিষ্ট শাখার চাহিদাপত্র। (ডিটিসিএ অফিস ও ওয়েবসাইট)	বিনা মূল্যে	চাহিদা মোতাবেক	পদবি: পরিচালক (প্রশাসন) ফোনঃ ০২২২৬৬০৩৭০৫ ইমেইলঃ dir.admin@dtca.gov.bd	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৬৮৪ ইমেইলঃ ed@dtca.gov.bd ed.dtca60@gmail.com
২	নৈমিত্তিক ছুটি ব্যতীত অন্যান্য ছুটি সংক্রান্ত কেস	চিঠি পত্র ও মঞ্জুরীপত্র	সংশ্লিষ্ট শাখার চাহিদাপত্র। (ডিটিসিএ অফিস ও ওয়েবসাইট)	বিনা মূল্যে	০৭ (সাত) দিন	পদবি: পরিচালক (প্রশাসন) ফোনঃ ০২২২৬৬০৩৭০৫ ইমেইলঃ	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোনঃ ০২২২৬৬০৩৬৮৪

ক্রমিক	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)	উর্ধ্বতন কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
	অগ্রায়ন/অনুমোদন					dir.admin@dtca.gov.bd	ইমেইল: ed@dtca.gov.bd
৩	কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	ইনহাউজ এবং বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণের আয়োজন।	(ডিটিসিএ অফিস ও ওয়েবসাইট)	বিনা মূল্যে	চাহিদা মোতাবেক	পদবি: ট্রেনিং এ্যাডভাইজার, ডিটিসিএ ফোন: ০২২২৬৬০৩৭০৫ ইমেইল: ta@dtca.gov.bd	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোন: ০২২২৬৬০৩৬৮৪ ইমেইল: ed@dtca.gov.bd info@dtca.gov.bd ed.dtca60@gmail.com
৪	ইন্টারনেট ও ওয়াইফাই	সরাসরি যোগাযোগ	অবগত করানো ও চাহিদা প্রদান সাপেক্ষে	বিনামূল্যে	২ দিনের মধ্যে	পদবি: প্রোগ্রামার, ডিটিসিএ ফোন: ০২২২৬৬০৩৭৩৮ ইমেইল: programmer@dtca.gov.bd	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোন: ০২২২৬৬০৩৬৮৪ ইমেইল: ed@dtca.gov.bd info@dtca.gov.bd ed.dtca60@gmail.com
৫	স্টোর আইটেম ও স্টেশনারী দ্রবদি সরবরাহ	চাহিদাপত্র প্রদানের মাধ্যমে প্রদান	ডিটিসিএ অফিস	বিনামূল্যে	২ দিনের মধ্যে	পদবি: উপ-পরিচালক (প্রশাসন), ডিটিসিএ ফোন: ২২২৬৬০৩৭২৮ ইমেইল: dd.admin@dtca.gov.bd	পদবি: নির্বাহী পরিচালক, ডিটিসিএ। ফোন: ০২২২৬৬০৩৬৮৪ ইমেইল: ed@dtca.gov.bd info@dtca.gov.bd ed.dtca60@gmail.com

৩) আপনার কাছে আমাদের প্রত্যাশা :

ক্রমিক	প্রতিশ্রুত/কাজিত সেবা প্রাপ্তির লক্ষ্য করণীয়
১	নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের পূরণকৃত আবেদন জমা প্রদান
২	প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফি পরিশোধ করা
৩	সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা

বি.দ্র. সাধারণত যে সকল কারণে আবেদন বাতিল হয় অথবা সেবা প্রদান সম্ভব হয় না তা বিশ্লেষণ করে ছক পূরণ করতে হবে। কিছু বিষয় সকল প্রতিষ্ঠানের জন্য একই হবে এবং কিছু বিষয় আলাদা হবে।

৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তার কাছ থেকে সমাধান সপাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

ক্রমিক	কখন যোগাযোগ করবেন	কার সঙ্গে যোগাযোগ করবেন	যোগাযোগের ঠিকানা	নিষ্পত্তির সময়সীমা
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)	পদবি: ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার, ডিটিসিএ ফোন: ০২২২৬৬০৩৭১৭ ইমেইল: teo@dtca.gov.bd ওয়েব: www.grs.gov.bd	৩০(ত্রিশ) কার্যদিবস
২	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে	আপিল কর্মকর্তা	যুগ্মসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ফোনঃ ৮৮-০২-৯৫৭৫৫১৯ ইমেইল: jsut@rthd.gov.bd, anis89buet96@gmail.com ওয়েব: www.grs.gov.bd	২০(বিশ) কার্যদিবস
৩	আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে	মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল	অভিযোগ গ্রহণ কেন্দ্র ৫ নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ওয়েব: www.grs.gov.bd	৬০(ষাট) কার্যদিবস

পরিশিষ্ট-ক (বহুতল ভবন= ৩৩ মিটার বা ১০ তলার উর্ধ্বের ভবনের ক্ষেত্রে প্রযোজ্য)

ক্রম	ইমারতের সকল তলা মিলে সর্বমোট মেঝে এলাকা	ছাড়পত্র ফি
১।	৮০০ বর্গমিটার	৪,০০০/- (চার হাজার) টাকা
২।	৮০১ বর্গমিটার হতে ১০০০ বর্গমিটার পর্যন্ত	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা
৩।	১০০১ বর্গমিটার হতে ১৫০০ বর্গমিটার পর্যন্ত	৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা
৪।	১৫০১ বর্গমিটার হতে ২০০০ বর্গমিটার পর্যন্ত	১৩,০০০/- (তের হাজার) টাকা
৫।	২০০১ বর্গমিটার হতে ৩০০০ বর্গমিটার পর্যন্ত	২৮,০০০/- (আটাশ হাজার) টাকা
৬।	৩০০১ বর্গমিটার হতে ৪০০০ বর্গমিটার পর্যন্ত	৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার) টাকা
৭।	৪০০১ বর্গমিটার হতে ৫০০০ বর্গমিটার পর্যন্ত	৬৫,০০০/- (পঁয়ষাট্টি হাজার) টাকা
৮।	৫০০১ বর্গমিটার হতে ১০০০০ বর্গমিটার পর্যন্ত	৮৫,০০০/- (পঁচাশি হাজার) টাকা
৯।	১০০০১ বর্গমিটার হতে ১৫০০০ বর্গমিটার পর্যন্ত	১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা
১০।	১৫০০১ বর্গমিটার হতে ২০০০০ বর্গমিটার পর্যন্ত	১,৩৫,০০০/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা
১১।	২০০০১ বর্গমিটার হতে ৩০০০০ বর্গমিটার পর্যন্ত	২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার) টাকা
১২।	৩০০০১ বর্গমিটারের উর্ধ্ব	৩,৭০,০০০/- (তিন লক্ষ সত্তর হাজার) টাকা

পরিশিষ্ট-খ (আবাসিক প্রকল্প)

ক্রম	আবাসিক প্রকল্প অনুমোদনের ছাড়পত্রের ক্ষেত্রে	ছাড়পত্র ফি
১।	নতুন প্রকল্প অনুমোদনের জন্য একর প্রতি	৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা
২।	নবায়নের জন্য একর প্রতি	৫,০০/- (পাঁচশত) টাকা